৬.৪.২ অবকাঠামো এবং মিউনিসিপ্যাল সেবাসমূহ

কোন শহরের প্রবৃদ্ধি বহুলাংশে নির্ভর করে ঐ শহরের অবকাঠামোর উপর। মিউনিসিপ্যাল ও অন্যান্য সেবাসমূহ একটি শ... বাস যোগ্য এবং নানাবিধ কর্মকান্ড করার পরিবেশ সৃষ্টি করে। অবকাঠামো এবং মিউনিসিপ্যাল সেবাসমূহ সম্পর্কে নিম্নবর্ণিত সু... প্রস্তাব করা হলো।

ক. ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন

সিলেট শহরে ড্রেনেজ একটি গুরুতর সমস্যা। শহরের অভ্যন্তরে ড্রেনেজ ব্যবস্থা সন্তোষজনক নয়। শহর বড় হওয়ার সাথে সা... ড্রেনেজ সমস্যাও পাল্লা দিয়ে বাড়ছে। ছড়া এবং বড় কাঁচা ড্রেনগুলোর অংশ পাশের জমির মালিকরা দখল করে নিয়েছে। ফলে ড্রে... সংকুচিত হয়ে পড়েছে। জনসাধারণের সচেতনতার অভাবে ড্রেনে অবাধে পলিথিন সহ আবর্জনা ফেলা হচ্ছে, ফলে ড্রেন বন্ধ হ... জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে। ম্যাপ-৬.৩ এ পরিকল্পনা এলাকার বিস্তারিত ড্রেনেজ নেটওয়ার্ক দেখানো হয়েছে।

খ. পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন

সিলেট শহরে কোন পয়ঃনিষ্কাশন নেটওয়ার্ক ব্যবস্থা নেই। তথ্য থেকে দেখা যায় যে সিটি কর্পোরেশনের ৯০.৪৮% এলাকা... স্যানিটারী ল্যাট্রিন আছে। এগুলোর কোনটিতে সোক পিট আছে কোনটিতে নেই। আনুমানিক ১০.০৬% পরিবার পিট ল্যা... ব্যবহার করে এবং ৯.৫২% পরিবারের কোন ধরনের ল্যাট্রিন নেই। এ জন্য স্বাস্থ্য সম্মত স্যানিটেশন ব্যবস্থা গড়ে তুলতে হলে স... নেটওয়ার্ক ভিত্তিক স্যুয়ারেজ সিস্টেম নির্মাণ ছাড়া বিকল্প নেই। এই ব্যবস্থায় প্রতিটি বাড়ীর স্যানিটেশন ব্যবস্থা পাইপের মা... স্যুয়ারেজ সিস্টেমের সঙ্গে যুক্ত থাকবে। পয়ঃট্রিটমেন্ট প্ল্যান্ট এর মাধ্যমে শোধণ করে নদীতে ফেলা হবে। কিন্তু এটি অত্যন্ত ব্যয়... হওয়ায় আপাতত নির্মাণের কোন আশা নেই (বাংলাদেশে একমাত্র ঢাকায় মাত্র ২০% এলাকায় এই ব্যবস্থা আছে)।

গ. কঠিন বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়ন

সিলেটে বর্তমানে প্রতিদিন ১৮০ টন কঠিন বর্জ্য উৎপাদিত হয়, যার মধ্যে ১২০ টন সংগ্রহ করে সিসটেমের মাধ্যমে ডিজপোজ ক... হয়। অবশিষ্ট বর্জ্য এদিক সেদিক ছড়িয়ে ছিটিয়ে পড়ে থাকে। হিসাব করে দেখা গিয়েছে যে আরবান এরিয়া প্ল্যান এর সময়... শেষের দিকে সিলেটে প্রতিদিন ৮৯১ টন বর্জ্য উৎপাদিত হবে, যা তখন সমস্যা হয়ে দেখা দেবে। বর্তমানে বর্জ্য ৭.৬৭ এ... এলাকার একটি ডাম্পিং সাইটে ডাম্প করা হয়। এটি শহর থেকে ৫ কিঃমিঃ দূরে জকিগঞ্জ সড়ক সংলগ্ন লালমাটিয়া এলাকা... প্রকল্প এলাকার বাইরে অবস্থিত। এটি পাশের প্রধান রাস্তা থেকে ১০-১৫ ফুট নিচে অবস্থিত। এভাবে ময়লা ডাম্পিং স্বা... পরিবেশের জন্য ক্ষতিকর। এতে বাতাস, ভূমি, ভূগর্ভস্থ পানি দূষিত হতে পারে। এ ছাড়া অনেক সিবিও পতিত পুকুর বা নি... বর্জ্য ডাম্প করছে, যা সম্পূর্ণভাবে স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। কয়েকটি এনজিও বর্জ্য দিয়ে কম্পোষ্ট তৈরীর পরীক্ষামূলক প্রকল্প... করেছে। কিন্তু কারিগরি জ্ঞান না থাকায় অনেকে ব্যর্থ হয়েছে।

বর্তমান উন্মুক্ত ডাম্পিং পদ্ধতি স্বাস্থ্য ও পরিবেশের জন্য ক্ষতিকর। এটা পরিবর্তন করে নিম্নবর্ণিত যে কোন একটি বা একাধিক প... গ্রহণ করা যেতে পারে।

১। নিয়ন্ত্রিত ডাম্পিং পদ্ধতি;
২। স্যানিটারী ল্যান্ডফিল;
৩। ইনসিনারেটর;
৪। কমপোষ্টিং;
৫। বর্জ্য থেকে সম্পদ উদ্ধার করে পুণঃ ব্যবহার বা নবায়ন।

Drainage Network with Proposed Treatment Plant



ঘ. পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন

বর্তমানে শহরে ১৮ টি প্রোডাকশন টিউবওয়েল এবং ৪ টি ওভার হেড ট্যাংক এবং ১ টি ট্রিটমেন্ট প্ল্যান্টের মাধ্যমে ভূগর্ভস্থ পানি সরবরাহ করা হয় কিন্তু তা যথেষ্ট নয়। কিছু কিছু বড় সংস্থার নিজস্ব পানি উৎপাদন এবং বিতরণ ব্যবস্থা আছে। সিলেটের ভূগর্ভস্থ পানিতে অতিমাত্রায় ম্যাগনেসিয়াম, ক্যালসিয়াম এবং আয়রণ আছে। অতি সম্প্রতি পানিতে আর্সেনিক পাওয়া গিয়েছে। অধিকন্তু টেকসই উৎস না হওয়ায় ভূগর্ভস্থ পানির উপর নির্ভরশীলতা কমানোর প্রয়োজন হয়ে পড়েছে। তাই ভবিষ্যৎ পানি সরবরাহ ব্যবস্থা সারফেস ওয়াটার ভিত্তিক হওয়া প্রয়োজন। এ ক্ষেত্রে সুরমা নদী একমাত্র উৎস। এ জন্য নদীর উজানে পাম্প বসানো যেতে পারে যা পরিশোধনের মাধ্যমে সরবরাহ করা যেতে পারে। এ জন্য বিভিন্ন স্থানে নতুন পানির লাইন বসাতে হবে। সাম্প্রতিক DPHE কর্তৃক বাস্তবায়নাধীন সিলেট সিটি কর্পোরেশন এলাকার পানি সরবরাহ, স্যানিটেশন ও ড্রেনেজ প্রকল্পটির কাজ সম্পন্ন হলে শহরে পানি সরবরাহের কিছুটা সুব্যবস্থা হবে।

৬.৪.৩ নগর কেন্দ্র এলাকার উন্নয়ন

নগর কেন্দ্রকে শহরের হৃদয় বলা যেতে পারে, যেখানে শহরের সর্বোচ্চ পর্যায়ের কর্মকান্ড চলে। অপরিকল্পিত হওয়ার কারণে সিলেট শহরে সুনির্দিষ্ট কোন নগর কেন্দ্র খুজে পাওয়া যায় না। বন্দর বাজার, জিন্দাবাজার, আম্বরখানা প্রভৃতি এলাকায় প্রধান প্রশাসনিক অফিসগুলো অবস্থিত। অন্যদিকে প্রধান বাণিজ্যিক কর্মকান্ড হয়ে থাকে বন্দর বাজার, আম্বরখানা, লামা বাজার এবং জিন্দাবাজার এলাকায়। আবার বিশ্ববিদ্যালয় শহর থেকে একটু দূরে সুনামগঞ্জ রোডে অবস্থিত। ফলে সুনির্দিষ্টভাবে কোন এলাকাকে নগর কেন্দ্র বলা যায় না। তবে উল্লেখিত এলাকাসমূহে এবং অন্যান্য স্থানে কিছু নোড গড়ে উঠছে যেগুলো পরবর্তীতে গুরুত্বপূর্ণ নগর কেন্দ্র হয়ে উঠতে পারে।

আগামী ২০ বৎসর শহরের জনসংখ্যা আরো বাড়বে এবং আয়তন বৃদ্ধি পাবে। তখন নগর কেন্দ্রের সার্ভিস প্রদানের জন্য কেন্দ্র সংখ্যা আরো বাড়বে। এ ছাড়া সীমিত সংখ্যক নগর কেন্দ্র থাকলে ঐসমস্ত এলাকায় যানজট বৃদ্ধি পায়। এ জন্য অনেকগুলি নগর কেন্দ্র থাকা ভালো। এ জন্য বিশেষ বিশেষ এলাকায় অবকাঠামো নির্মাণে জোর দিতে হবে। আশ পাশের এলাকার সঙ্গে ভালো যোগাযোগ ব্যবস্থা তৈরী করতে হবে। তবে বিদ্যমান নগর কেন্দ্রগুলোকেই নতুন করে সাজানোর প্রতি জোর দিতে হবে। কারণ নতুন নগর কেন্দ্র নির্মাণ করতে হবে না বলে এতে প্রচুর ব্যয় সাশ্রয় হবে। এ কাজ সিটি কর্পোরেশনকে করতে হবে।

৬.৪.৪ যোগাযোগ ও পরিবহন

ক. ভবিষ্যৎ পরিবহন চাহিদা

সিলেট বর্তমানে পাঁচ লক্ষ জনসংখ্যার শহর, ২০৩০ সালের দিকে প্রায় ৩০ লক্ষ জনসংখ্যার শহরে পরিণত হবে। এ জন্য ভবিষ্যতের দিকে লক্ষ্য রেখে শহরের যাতায়াত ব্যবস্থাকে পূণর্বিন্যাস করা প্রয়োজন। সিলেটে ভালো সড়ক ব্যবস্থা রয়েছে। তবে তা প্রধানত মূল শহর এলাকায় কেন্দ্রীভূত। প্রান্ত এলাকাগুলো শহরের সঙ্গে ভালোভাবে যুক্ত রয়েছে, কিন্তু সংযোগ রাস্তাগুলো সংকীর্ণ। শহরের রাস্তায় অযান্ত্রিক যানবাহনের প্রভাব রয়েছে (৫৬%)। অন্যদিকে ৩২% মানুষ পায়ে হেঁটে যাতায়াত করে থাকে। মাত্র ২% মানুষ গাড়ীতে যাতায়াত করে। একটি পরিবেশ সম্মত, সামাজিকভাবে গ্রহণযোগ্য ও অর্থনৈতিকভাবে সাশ্রয়ী সমন্বিত যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলতে হলে নিম্নবর্ণিত ব্যবস্থা নিতে হবে।

১। পর্যায়ক্রমে রাস্তা নির্মাণ করতে হবে

বড় বিনিয়োগ পরিহার করে পর্যায়ক্রমে রাস্তা তৈরী করতে হবে। প্রথমে ভূমি অধিগ্রহণ করতে হবে এবং প্রয়োজন অনুযায়ী আংশিক রাস্তা তৈরী করতে হবে। এভাবে চাহিদা বাড়ার পাশা পাশি ধীরে ধীরে দীর্ঘ সময় নিয়ে রাস্তা সম্পূর্ণ করতে হবে। প্রথম দিকে যানবাহন কম থাকবে তাই সম্পূর্ণ রাস্তা তৈরীর কোন প্রয়োজন হবে না। তবে প্রাথমিকভাবে ভূমি হুকুম দখল নেয়া খুবই গুরুত্বপূর্ণ। কারণ জমির দাম বাড়তে থাকবে এতে ভবিষ্যতে একসঙ্গে রাস্তা তৈরী করলে প্রকল্প ব্যয় বৃদ্ধি পাবে। সিটি কর্পোরেশন এলাকায় ৩% ভূমি রাস্তার জন্য ব্যবহৃত হয়। উত্তর-দক্ষিণ সড়ক ব্যবস্থা অপরিকল্পিতভাবে গড়ে উঠছে। নয়টি রাস্তা ভিন্ন পূর্ব-পশ্চিমে পর্যাপ্ত সংযোগ রাস্তা নেই। পূর্ব-পশ্চিমে সুষ্ঠু যোগাযোগের জন্য কিছু পূর্ব-পশ্চিম প্রধান রাস্তা প্রয়োজন। আঁকা বাঁকা রাস্তাগুলোকে সরলীকরণ এবং প্রশস্ত করা প্রয়োজন। সমগ্র পরিকল্পনা এলাকার রাস্তা উন্নয়ন বিষয়ক প্রস্তাব **ম্যাপ-৬.৪** এ দেয়া হলো।

২। শহর এলাকায় রাস্তা প্রশস্তকরণ

সুরমা নদীর উত্তরাংশে রাস্তার নেটওয়ার্ক গ্রীড আকৃতি ধারণ করেছে। এই গ্রীডের পশ্চিমাংশে রয়েছে কাজী বাজার পয়েন্ট, বাজার পয়েন্ট, রিকাবি বাজার পয়েন্ট, মদীনা পয়েন্ট (পশ্চিম), শাহী ঈদগাহ পয়েন্ট, আম্বরখানা পয়েন্ট; উত্তরাংশে শাহী ঈদ অম্বরখানা পয়েন্ট এবং মদীনা পয়েন্ট; পশ্চিমে শাহী ঈদগাহ, নয়া সড়ক, নাইয়রপুল এবং শাহ জালাল ব্রীজ (পশ্চিম); দক্ষিণে বাজার পয়েন্ট, কীন ব্রীজ বা কোর্ট পয়েন্ট এবং শাহ জালাল ব্রীজ। এই জোনে বাড়ীঘর ও ব্যবসা প্রতিষ্ঠান বেশি। ফলে এখানে আওয়ারে ট্রাফিক জ্যাম একটি নৈমিত্তিক ঘটনা।

উপরোল্লিখিত রাস্তা ছাড়াও প্রতি ওয়ার্ডে অভ্যন্তরীণ রাস্তার নেটওয়ার্ক রয়েছে। কিন্তু রাস্তাগুলো খুব সংকীর্ণ হওয়ায় যা কষ্টকর। রাস্তাগুলোর অধিকাংশেই ৬ থেকে ১০ ফুটের মধ্যে। উপযুক্ত রক্ষনাবেক্ষণের অভাবে রাস্তার মান খুব নিচু। কর্পোরেশনকে এগুলোর দিকে নজর দিতে হবে।

৩। প্রধান সড়ক সংযোগস্থল উন্নয়ন এবং ট্রাফিক ব্যবস্থাপনা

জরিপ থেকে দেখা যায় যে শহরের কোন প্রধান ট্রাফিক সংযোগস্থলই বৈজ্ঞানিকভাবে ডিজাইনকৃত নয়। বহন ক্ষমতার সংযোগস্থলগুলোতে গাড়ীর সংখ্যা কম। কিন্তু তবুও যানজট হয়। সংযোগস্থলের কাছে রাস্তার পাশে যাত্রীদের জন্য বসে থাকা রিক্সা যানজটের প্রধান কারণ। এ জন্য ট্রাফিক আইন কঠোরভাবে প্রয়োগ করতে হবে এবং সংযোগস্থলের কাছাকাছি গাড়ি থাম পার্কিং এর উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে। যেহেতু সড়কের পরিমাণ সীমিত এবং ভূমি না থাকায় নতুন সড়ক নির্মাণ কঠিন হবে, তাই সুষ্ঠু যাতায়াত নিশ্চিত করার জন্য ট্রাফিক ব্যবস্থাপনার উপর জোর দিতে হবে। এ বিষয়ে নিম্নবর্ণিত কৌশল অবলম্বনের সুপারিশ করা হলো।

- প্রতিটি সংযোগস্থল সিগনাল ব্যবস্থার অওতায় আনতে হবে;
- সংযোগস্থল সংলগ্ন স্থানে পথচারী পারাপারের জন্য জেব্রা ক্রসিং তৈরী করতে হবে;
- ব্যস্ত এলাকায় ফুট ওভারব্রীজ দিতে হবে। তবে স্থান নির্বাচন করতে হবে পারাপার হওয়া পথচারী হিসাব করে।
- বন্দর বাজার, আম্বরখানা পয়েন্ট, জিন্দাবাজার প্রভৃতি এলাকায় পিক আওয়ারে রিক্সা প্রবেশ নিষিদ্ধ করতে হবে।
- শহরে সন্ধ্যা ৭:০০ পর্যন্ত কোন ট্রাক প্রবেশ করতে দেয়া উচিত নয়।
- বাসের সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- সিএনজি চালিত অটো-রিক্সার সংখ্যা নিয়ন্ত্রণের মধ্যে রাখতে হবে।
- অনুপযোগী যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

৪। পথচারীদের চলাচল সুবিধার উন্নয়ন

জরিপ থেকে দেখা যায় যে শহরে প্রতিদিন যত মানুষ যাতায়াত করে তার প্রায় ৩০% যাতায়াত করে পায়ে হেঁটে। কিন্তু শহরে জন্য অধিকাংশ ফুটপাথ উপযুক্ত নয়। পথচারীদের যাতায়াত সহজ, আরামদায়ক ও নিরাপদ করার জন্য সিটি কর্পোরেশ ফুটপাথের উন্নয়নে নজর দিতে হবে। সকল প্রধান সড়কের পাশে ফুটপাথ নির্মাণ করতে হবে। বিশেষত প্রধান সংযোগস্থল আশে পাশে ফুটপাথ থাকা জরুরী। ড্রেনগুলো ঢেকে দিলে ফুটপাথ হিসাবে ব্যবহার করা যায়। যেখানে জায়গা আছে সেখানে ফু ৬ ফুট হওয়া উচিত এবং জায়গা না থাকলে ৪ ফুট পর্যন্ত ফুটপাথ দেয়া যেতে পারে।

৫। পাবলিক ট্রান্সপোর্ট (বাস) পরিচালনা।

মাস ট্রান্সিট যান্ত্রিক বাহন দ্বারা পরিচালিত হয়। বিভিন্ন শ্রেণীর মাস ট্রান্সিটের মধ্যে রয়েছে, অল্প আসনের বাস, মিনি বাস, এবং টেম্পো। সিলেট শহরে কোন সরকারী বাস সার্ভিস নেই। সকল বাস এবং মিনি বাসের মালিক হয় কোন বেসরকারী কোম্পানী ব্যক্তি। বর্তমানে বাসগুলো নিম্নবর্ণিত রুটে চলাচল করে।

Road Development Proposal for Urban Plan Area



বর্তমান বাস রুট

রুট-১ : Up & Down : বন্দর বাজার থেকে টুকের বাজার

রুট-২ : Up & Down : বন্দর বাজার থেকে জাল্লারপুড়

রুট-৩ : Up & Down : বন্দর বাজার থেকে বটেশ্বর

রুট-৪ : Up & Down : বন্দর বাজার থেকে হাতিমগঞ্জ

ভবিষ্যৎ চাহিদা পুরণের জন্য উপরে উল্লেখিত রুটগুলো ছাড়াও নিম্নবর্ণিত অতিরিক্ত রুট প্রস্তাব করা হলো।

প্রস্তাবিত রুট

রুট-৫ : Up& Down: সোবহানি ঘাট থেকে বিমান বন্দর ভায়া নাইয়রপুল, শাহী ঈদগাহ এবং চৌকিদেখি।

রুট-৬ : Up & Down: মেহেদি বাগ থেকে হযরত শাহ পরাণ (রহঃ) মাজার ভায়া মিরা বাজার ও টিলাগর।

রুট-৭ : Up & Down: কদমতলী থেকে বিমান বন্দর ভায়া মেহেদি বাগ এবং বালুচর।

রুট-৮ : Up & Down: সোবহানি ঘাট থেকে কুমার গাঁও।

রুট-৯ : Up & Down: ইসলামপুর থেকে কদমতলী ভায়া সিলেট-জাফলং বাই পাস।

অধিক সংখ্যক মিনিবাস চালু করে উল্লেখিত রুটগুলিতে যাতায়াত সুবিধা বৃদ্ধি করা যায়।

খ। প্রধান প্রধান সড়কের পাশে সার্ভিস লেন দিতে হবে

দেশের প্রায় সর্বত্র একই রাস্তায় যান্ত্রিক এবং অযান্ত্রিক উভয় ধরনের যান বাহন চলাচল করে থাকে। যার ফলে যন্ত্র চালিত যানবাহন উপযুক্ত গতি নিয়ে রাস্তায় চলাচল করতে পারে না, বিশেষত প্রধান সড়কে। এছাড়া রাস্তার দু পাশে দোকানপাট থাকায় রাস্তায় যানবাহন পার্কিং করা হয় এবং জটলা পাকায়। এতেও গাড়ী চলাচলে বাধা সৃষ্টি হয়। এ সমস্ত সমস্যা থেকে উত্তরণের জন্য প্রধান সড়কের পাশে স্থানীয় বা অযান্ত্রিক যানবাহনের জন্য পাশা পাশি ডিভাইডারসহ পৃথক লেন নির্মাণ করা যেতে পারে। তবে এই নীতি বিদ্যমান সড়কের চেয়ে নতুন সড়কের ক্ষেত্রে ভালোভাবে কার্যকর করা সম্ভব। এর ফলে প্রধান সড়কে নির্বিঘ্নে যান্ত্রিক যানবাহন চলাচল করতে পারবে। ভবিষ্যতে যে সমস্ত স্থানে বাণিজ্যিক ভূমি ব্যবহার প্রস্তাব করা হবে সে সমস্ত এলাকায় প্রধান রাস্তার পাশা পাশি এই লেন নির্মাণ করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত বর্ণনা **ম্যাপ-৬.৫** এ দেয়া হয়েছে।

গ। বিমান যোগাযোগ

শহরের ৫ কিঃমিঃ উত্তরে অবস্থিত ওসমানী বিমানবন্দর দেশের তৃতীয় আন্তর্জাতিক বিমান বন্দর। মূল বিমানবন্দরটি ১৯৪০ সালে নির্মিত হয়। ২০০২ সাল পর্যন্ত এটি অভ্যন্তরীণ বিমান চলাচলের জন্য ব্যবহৃত হতো। নভেম্বর ২০০২ সাল থেকে এটিকে আন্তর্জাতিক বিমান বন্দরে উন্নীত করা হয়। ২০০৪ সালে বড় বিমান চলাচলের জন্য এর রানওয়ে ও লাইটিং ব্যবস্থা উন্নত করা হয়। ২০০৬ সালে নতুন টার্মিনাল ভবন, জেটওয়ে এবং ট্যাক্সীওয়ে নির্মাণ করা হয়। তবে সুষ্ঠু বিমান চলাচলের জন্য এর লাইটিং ব্যবস্থা আরো উন্নত করা প্রয়োজন।

৬.৪.৫ বিনিয়োগ ও কর্মসংস্থান

ক. ব্যবসা/বানিজ্যিক কার্যক্রম প্রসার

বুনিয়াদি অর্থনীতি বিকাশের শ্রেষ্ঠ পথ হচ্ছে বেসরকারী বা ব্যক্তি পর্যায়ে বিনিয়োগ প্রসার। বুদ্ধিমত্তার সাথে প্রস্তুতকৃত ভূমি ব্যবহার এবং প্রয়োজনীয় সহায়ক অবকাঠামো থাকলে অত্যন্ত কার্যকরভাবে শহর এলাকায় ব্যবসার প্রসার ঘটানো সম্ভব। আরবান এরিয়া প্ল্যানে শহরের বাণিজ্যিক কর্মকান্ডগুলোকে ভবিষ্যৎ শহরজুড়ে ছড়িয়ে দেয়ার চেষ্টা করা হয়েছে। বাণিজ্যিক কর্মকান্ড বলতে এখানে খুচরা ও পাইকারী ব্যবসা, বাণিজ্যিক ও ব্যবসা প্রশাসন এলাকা এবং নগর কেন্দ্রের কর্মতৎপরতা বুঝানো হয়েছে। এ জন্য ভবিষ্যৎ শহর এলাকায় নতুন নগর কেন্দ্র প্রস্তাব করা হয়েছে। এই স্থানগুলো বর্তমানে হয় খালি অথবা কৃষি ভূমি। বিশেষ বিশেষ বাণিজ্যিক ব্যবহারের জন্য পৃথক পৃথক স্থান নির্দিষ্ট করা হয়েছে। এ ছাড়াও কিছু মিশ্র জোন প্রস্তাব করা হয়েছে যেখানে সর্ব প্রকার বাণিজ্যিক কর্মকান্ড এবং আবাসিক ব্যবহার চলবে। রাস্তার পাশে বাণিজ্যিক ব্যবহার এদেশের একটি প্রচলিত ধারা যা প্রস্তাবিত প্ল্যানে অব্যাহত রাখা হয়েছে। বাণিজ্যিক কর্মকান্ড হবে মূলত বেসরকারী উদ্যোগে। সিটি কর্পোরেশনের কাজ হবে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে প্রয়োজনীয় সুযোগ সুবিধা প্রদানের মাধ্যমে বাণিজ্যিক কর্মকান্ডের প্রসার ঘটানো।

খ. শিল্প কারখানার প্রসার

১। শিল্প এলাকা

সিলেটে শিল্প খাতে বিনিয়োগ ধীরে ধীরে বাড়ছে। দ্রুত নগর প্রবৃদ্ধির জন্য সুসংগঠিত শিল্পায়ন প্রয়োজন। শহরতলীর [illegible] এবং খাদিমপাড়া এলাকায় মোট ৫২.৬৪ একরের দুইটি বিসিক শিল্প এলাকা রয়েছে। কিন্তু সেখানে ৫০% প্লট এখনো [illegible] প্রত্যাশিত সুযোগ সুবিধা না পাওয়া সম্ভবত এর প্রধান করণ। বেসরকারী খাতে কারখানার অবস্থান নির্ধারণে একজন বিনি[illegible] অনেকগুলি বিকল্প চিন্তা করে সিদ্ধান্ত গ্রহণ করে যা নির্দ্দিষ্ট শিল্প এলাকায় পাওয়া যায় না। এ ছাড়া নানা ধরণের [illegible] জটিলতা বিনিয়োগকারীদের নির্দিষ্ট শিল্প এলাকায় শিল্প স্থাপনে নিরুৎসাহিত করে।

কনসালট্যান্ট মনে করে যে শিল্প স্থাপন ত্বরান্বিত করতে হলে সরকারকে আরো বেশি করে সহায়কের ভূমিকা পালন [illegible] ভূমি হুকুম দখল করে শিল্প এলাকা স্থাপনের চেয়ে কোন এলাকাকে শিল্প এলাকা হিসাবে ঘোষনা করে দিয়ে সেখানে শিল্প [illegible] সকল অবকাঠামো ও সেবাসুবিধা প্রদান করলে অনেক বেশি ফল পাওয়া যায়। শিল্প উদ্যোক্তারা সরাসরি জমির মালিকের [illegible] জমি ক্রয় করে শিল্প স্থাপন করবে। এ ক্ষেত্রে অবকাঠামো ব্যয় পুনরুদ্ধারের জন্য সম্ভাব্য উপায় অনুসন্ধান করতে হবে।

২। বিশেষ অর্থনৈতিক এলাকা

সম্ভাব্য সকল শিল্প সহায়ক সুযোগ সুবিধা সমৃদ্ধ বিশেষ অর্থনৈতিক এলাকা স্থাপন করলে উন্নত ও রপ্তানীমুখী শিল্প উ[illegible] বিনিয়োগ করতে উৎসাহিত হতে পারেন। সিলেটে বেসরকারী উদ্যোগে একটি বিশেষ অর্থনৈতিক এলাকা স্থাপনের প্রক্রি[illegible] এতে শিল্প সহায়ক সুযোগসুবিধা ছাড়াও পণ্য রপ্তানীর জন্য সকল প্রকার আর্থিক ও প্রশাসনিক সুযোগ সুবিধা থাকবে। [illegible] উদ্যোক্তারা উৎসাহিত হয়ে এখানে শিল্প স্থাপনে আগ্রহী হবেন বলে আশা করা যায়। বিশেষত প্রবাসী সিলেটীরা এখানে [illegible] করতে উৎসাহিত হবেন।

Existing and Proposed Bus Route of the Project Area



৩.৪.৬ সামাজিক সুবিধাসমূহ

নগরজীবনে জীবনযাত্রার গুণগত মান বহুলাংশে নির্ভর করে সামাজিক সুবিধাদি প্রাপ্তির উপর। এর মধ্যে রয়েছে শিক্ষা, বিনোদন, স্বাস্থ্য ইত্যাদি। এখানে সামাজিক সুবিধাদি বিষয়ে আরবান এরিয়া প্ল্যানের সুপারিশ উপস্থাপন করা হলো।

ক. শিক্ষা প্রতিষ্ঠান

১। প্রাইমারী স্কুল

পরিকল্পনা এলাকায় প্রাইমারী স্কুল প্রতিষ্ঠার জন্য একটি মানদন্ড নির্ধারণ করা হয়েছে। এই মানদন্ড অনুযায়ী প্রতি ৫০০০ জনসংখ্যার জন্য একটি প্রাইমারী স্কুল থাকবে। আরবান এরিয়ার জনসংখ্যা অভিক্ষেপ করা হয়েছে ১৩১৪০৮ (২০২০) জন। এই জনসংখ্যার জন্য মানদন্ড অনুযায়ী স্কুলের সংখ্যা হয় (১৩১৩৪০৮/৫০০০) ২৬২। প্রতি শিফটে ৩৫০ ছাত্র/ছাত্রী থাকলে ২৬২ টি স্কুলে (৩৫০ X ২৬২ X ২) ১৮৩৪০০ জন ছাত্র/ছাত্রী পড়াশোনা করতে পারবে। যদি ১৫% মানুষ প্রাইমারী স্কুলে যাওয়ার বয়সী (৫-১১ বৎসর) হয় তবে ২০২০ সালে প্রাইমারী পর্যায়ে মোট ছাত্র/ছাত্রীর সংখ্যা হবে (১৩১৩৪০৮ X ১৫ /১০০) ১৯৭০১১ জন। এর অর্থ ২৬২ টি স্কুলে ২০২০ সালে প্রায় সকল শিশুকে প্রাইমারী স্কুলে ভর্তি করানো সম্ভব। বর্তমানে প্রকল্প এলাকায় ৭৮টি স্কুল আছে, সুতরাং ২০২০ পর্যন্ত আরও (২৬২-৭৮) ১৮৪টি অতিরিক্ত স্কুল প্রয়োজন হবে। প্রতিটি স্কুলের জন্য ১ একর জমি সুপারিশ করা হচ্ছে। সুতরাং মোট জমির প্রয়োজন হবে (১ X ১৮৪) ১৮৪ একর (৭৪.৫০ হেক্টর)।

সারণি-৩.৪: সামাজিক সুবিধাসমূহের জন্য বরাদ্দকৃত ভূমি এবং পরিকল্পনা মানদন্ড

ক্রমিক নং	সুবিধার খাতসমূহ	প্রস্তাবিত মানদন্ড	মোট সুবিধা সংখ্যা এবং এরিয়া			
			মোট প্রয়োজনীয় সংখ্যা	বর্তমান সংখ্যা	অতিরিক্ত সংখ্যা	অতিরিক্ত প্রয়োজনীয় জমি (একর)
১	শিক্ষা					
	ক. প্রাথমিক বিদ্যালয়	প্রতি ৫০০০ জনের জন্য ১টি/একর	২৬২	৭৮	১৮৪	১৮৪
	খ. উচ্চ মাধ্যমিক বিদ্যালয়	প্রতি ৮০০০ জনের জন্য ১টি/২একর	১৬৪	৩২	১৩২	২৬৪
	গ. মহাবিদ্যালয়	প্রতি ২৫০০০ জনের জন্য ১টি/৩ একর	৫৩	২৬	২৭	৮১
২	স্বাস্থ্য					
	জেনারেল হাসপাতাল ও অন্যান্য	৩৫৪ জন/শয্যা			প্রতি ৬২৫ জনের জন্য ১টি শয্যা (সরকারী)	২০
৩	খেলাধুলা/বিনোদনের জন্য খোলা জায়গা					১৪৪
	ক. উন্মুক্ত জায়গা/ পার্ক	২৫০০০ জনের জন্য/৩ একর	৯৭	৪৯	৪৮	
	খ. খেলার মাঠ	২৫০০০ জনের জন্য/২ একর	৪৯	১৮	৩১	৬২
৪	সামাজিক সুবিধা					
	ক. কাঁচা বাজার	প্রতি ৫০০০০ জনের জন্য ১টি, প্রতিটি ০.৩০ একর	২৪	১৮	৬	১.৮
	খ. ডাকঘর	প্রতি ২০০০০ জনের জন্য একটি, প্রতিটি ০.০৫ একর	৬১	২	৫৮	২.৯
	গ. কবরস্থান	প্রতি ২০০০০ জনের জন্য একটি, প্রতিটি ৫.০ একর	৬৩	৬১	-	-
	ঘ. কমিউনিটি সেন্টার	প্রতি ২০০০০ জনের জন্য একটি, প্রতিটি ০.৩ একর	৪৯	১৮	৩১	৯.৩

উৎস: সেকেন্ডারি সোর্স এবং ফিজিক্যাল ফিচার সার্ভে ২০০৭-২০০৮

২। মাধ্যমিক স্কুল

মাধ্যমিক স্কুলের মানদন্ড নির্ধারণ করা হয়েছে প্রতি ৮০০০ জনসংখ্যার জন্য একটি স্কুল। আরবান এরিয়া প্ল্যানের অভি[illegible] ১৩১৩৪০৮ জনসংখ্যার (২০২০ সালে) জন্য মোট মাধ্যমিক স্কুল প্রয়োজন হবে (১৩১৩৪০৮ / ৮০০০) ১৬৪ টি। দুই [illegible] ছাত্র/ছাত্রী হবে (৫৭৫ X ১৬৪ X ২) ১৮৮৬০০ জন। যদি ১৫% মানুষ মাধ্যমিক স্কুলে যাওয়ার বয়সী (১২-১৫ বৎসর) [illegible] ২০২০ সালে মাধ্যমিক পর্যায়ে মোট ছাত্র/ছাত্রীর সংখ্যা হবে (১৩১৩৪০৮ X ১৫ /১০০) ১৯৭০১১ জন। বর্তমানে প্রকল্প [illegible] ৩২টি স্কুল আছে, সুতরাং ২০২০ পর্যন্ত আরও (১৬৪-৩২) ১৩২টি অতিরিক্ত স্কুল প্রয়োজন হবে। প্রতিটি স্কুলের জন্য ২ এক[illegible] সুপারিশ করা হচ্ছে। সুতরাং মোট জমির প্রয়োজন হবে (২ X ১৩২) ২৬৪ একর ।

৩। কলেজ

কলেজের (ডিগ্রি ও তদূর্ধ) মানদন্ড হচ্ছে প্রতি ২৫০০০ জনসংখ্যার জন্য একটি কলেজ। এতে কলেজের সংখ্যা [illegible] (১৩১৩৪০৮/২৫,০০০) ৫৩ টি (২০২০)। প্রতিটি কলেজে ছাত্র সংখ্যা হবে ১৮০০ ফলে, ৫৩ টি কলেজে ছাত্র হবে (৫৩ X [illegible] ৯৫৪০০ জন। বর্তমানে ২৬ টি কলেজ আছে, সুতরাং অতিরিক্ত আরো (৫৩-২৬) ২৭ টি কলেজের প্রয়োজন হবে। প্রতিটি [illegible] জন্য ৩ একর জমি প্রয়োজন হলে মোট জমি লাগবে (২৭ X ৩) ৮১ একর। বিস্তারিত ম্যাপ-৬.৬ এ দেখুন।

৬.৪.৭ উন্মুক্ত এলাকা

সিলেট শহরে বিনোদনমূলক উন্মুক্ত এলাকা অত্যন্ত সীমিত। শহরে বর্তমানে মাত্র ৪৬ একর বিনোদনযোগ্য উন্মুক্ত এলাকা [illegible] প্রতি এক হাজার জনে ভাগ করলে যা হয় মাত্র ০.০৪৬ একর। খুলনা মাস্টার প্ল্যানে এই হার প্রতি হাজারে ১ একর। [illegible] (১৯৯৬) প্রকল্পের একই হার সুপারিশ করা হয়। ইউডিডি এর উপজেলা মাস্টার প্ল্যান (১৯৮৫-১৯৯১) প্রকল্পে এই হার [illegible] করা হয় প্রতি হাজারে ০.৬১ একর। বিদ্যমান অবস্থা এবং ভূমির প্রাপ্যতা বিবেচনা করে সিলেটে এই হার সুপারিশ করা হ[illegible] হাজারে ১.৫০ একর। এ জন্য অতিরিক্ত ২০৫ একর জমির প্রয়োজন হবে।

ক. পার্ক

দুইভাগে পার্ক প্রদান করা হবে- কেন্দ্রীয় পার্ক এবং কমিউনিটি পার্ক। খাদিম নগর ইউনিয়নের বহর মৌজায় কেন্দ্রীয় পার্ক [illegible] করা হয়েছে। এতে মোট জমির প্রয়োজন হবে ১৩৫ একর। সমগ্র শহরের মানুষ এটা ব্যবহার করবে। বিভিন্ন শ্রেণীর রাস্তা [illegible] স্থানটিতে প্রবেশের সুব্যবস্থা করা হয়েছে। গোটাটিকার এলাকায় দুটি কমিউনিটি পার্কের প্রস্তাব করা হয়েছে। একটি ৮.০[illegible] এবং অন্যটি ২০.২৭ একর। একটি সুরমা নদীর পাড়ে ও অন্যটি ধোপা খাল এলাকায় সুরমা আবাসিক এলাকার নিকটে। [illegible] ম্যাপ-৬.৬ এ দেখুন।

খ. খেলার মাঠ

বর্তমানে শহরে একটি ষ্টেডিয়াম ছাড়াও ১৮টি খেলার মাঠ আছে। তবে মাঠগুলোর অধিকাংশই শিক্ষা প্রতিষ্ঠানের। প্রস্তাবিত [illegible] আরো ৬ টি খেলার মাঠ সুপারিশ করা হচ্ছে। এতে ১৫ একর জমি প্রয়োজন হবে। প্রস্তাবিত মাঠগুলো সুবিধার সুষম বণ্টন [illegible] ভবিষ্যৎ শহরের বিভিন্ন স্থানে ছড়িয়ে দেয়া হয়েছে।

গ. বিনোদন ও অবকাশ যাপন এলাকা

সুরমা নদীর তীরবর্তী এলাকাকে বিনোদনমূলক এলাকা হিসাবে গড়ে তোলা যেতে পারে। এজন্য ২৫.২৩ একর এলাকা নির্দি[illegible] হয়েছে। এই জায়গায় সিটি কর্পোরেশন কর্তৃক পার্ক, মাঠ এবং এ জাতীয় বিনোদন সুবিধা নির্মাণের জন্য নির্দিষ্ট করা হয়েছে। [illegible] কর্পোরেশন অংশগ্রহণমূলক পদ্ধতিতে জমির মালিকদের সঙ্গে আলোচনা করে যৌথভাবে এই বিনোদনমূলক প্রকল্প গ্রহণ [illegible] পারে। এতে ভূমি হুকুম দখল করা প্রয়োজন হবে না এবং প্রকল্প ব্যয় হ্রাস পাবে। ।

Location of Social Services within Urban Plan Area



৬.৫ ভূমি ব্যবহার জোনিং

এই অংশে ২০২০ সালের জন্য ভূমি ব্যবহার জোনিং প্রস্তাব করা হয়েছে। নগর ভিত্তিক বিভিন্ন ভূমি ব্যবহার জোনিং নির্দিষ্ট করতে গিয়ে বিদ্যমান ভূমি ব্যবহার ধারার উপর জোর দেয়া হয়েছে। ভূমি ব্যবহার জোনিং নির্ধারণের ক্ষেত্রে অর্থনৈতিক কর্মতৎপরতাকে প্রাধান্য দিয়ে যথেষ্ট নমনীয় পথ অবলম্বন করা হয়েছে, বিশেষত বাণিজ্যিক ব্যবহারের বিষয়ে। এ জন্য একটি মিশ্র ব্যবহার জোন তৈরী করা হয়েছে যাতে একই এলাকায় আবাসন, বাণিজ্যিক এবং পরিবেশ দূষণ করেনা এমন সার্ভিস প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদন দেয়া যায়। এতে ব্যবসায়ীদের সুবিধামত স্থানে ব্যবসা প্রতিষ্ঠান স্থাপন সহজতর হবে। কিছু স্থান ভবিষ্যৎ নগরায়নের জন্য সংরক্ষিত রাখা হয়েছে । এগুলো মূলত কৃষি জমি। তবে বর্তমান কৃষির ব্যবহার অক্ষুন্ন থাকবে, কিন্তু কোন অকৃষিজ ব্যবহার অনুমোদন করা হবে না।

৬.৫.১ প্রস্তাবিত ভূমি ব্যবহারের বিবরণ

সারণি-৬.৫ এ আরবান এরিয়া প্ল্যান এলাকার প্রস্তাবিত ভূমি ব্যবহার শ্রেণী বিভাগ এবং ম্যাপ-৬.৭ এ ভূমি ব্যবহার জোনিং দেখানো হয়েছে। এখানে প্রস্তাবিত বিভিন্ন ধরনের ভূমি ব্যবহার সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরা হলো।

সারণি-৬.৫: আরবান এরিয়া প্ল্যান এলাকার প্রস্তাবিত ভূমি ব্যবহার

ক্রমিক নং	ভূমি ব্যবহার শ্রেণী বিভাগ	ভূমির পরিমাণ (একরে)	ভূমির পরিমাণ (হেক্টরে)	%
১	নগর আবাসিক জোন	৬২৯৫.৭৪	২৫৪৮.৮৮	৬২.২৮
২	জলাভূমি	৭২৫.৫৬	২৯৩.৭৫	৭.১৮
৩	টিলা/পাহাড় এলাকা	৪৩৫.৬২	১৭৬.৩৬	৪.৩১
৪	বিদ্যমান সড়ক নেটওয়ার্ক	৪২৬.৪০	১৭২.৬৩	৪.২২
৫	শিক্ষা ও গবেষণা	৩৫৩.৯৩	১৪৩.২৯	৩.৫০
৬	মিশ্র ব্যবহার	৩৪৩.৩৩	১৩৯.০০	৩.৪০
৭	প্রতিরক্ষা ও নিরাপত্তা	২৬৪.৫১	১০৭.০৯	২.৬২
৮	বাণিজ্যিক জোন (ব্যবসা)	২৬১.৪৯	১০৫.৮৭	২.৫৯
৯	প্রস্তাবিত সড়ক নেটওয়ার্ক	১৯০.৮৭	৭৭.২৮	১.৮৯
১০	বিনোদন জোন	১৭৪.৪৬	৭০.৬৩	১.৭৩
১১	কৃষি জোন	১৫৯.১৫	৬৪.৪৩	১.৫৭
১২	প্রশাসনিক জোন	১১১.৬৭	৪৫.২১	১.১০
১৩	ওভারলে জোন	৭৯.২৯	৩২.১০	০.৭৮
১৪	আরবান রিজার্ভ	৭১.৬৩	২৯.০০	০.৭১
১৫	স্বাস্থ্য সেবা	৫৪.৬৯	২২.১৪	০.৫৪
১৬	পরিবহন ও যোগাযোগ	৪৫.৯০	১৮.৫৮	০.৪৫
১৭	বাণিজ্যিক জোন (অফিস)	৪২.০২	১৭.০১	০.৪২
১৮	গ্রামীণ আবাসন জোন	৩৫.১০	১৪.২১	০.৩৫
১৯	সাধারণ শিল্প জোন	২৭.১৪	১০.৯৯	০.২৭
২০	চা বাগান	১০.৫৩	৪.২৬	০.১০
মোট		১০১০৯.০২	৪০৯২.৭২	১০০.০০

ক. নগর আবাসিক জোন

নগর আবাসিক এর জন্য সর্বমোট ৬২৯৫.৭৪ একর (২৫৪৮.৮৮ হেক্টর) ভূমি প্রস্তাব করা হয়েছে, যা মোট আরবান এরিয়া প্ল্যান এলাকার ৬২%। এই স্থানে ব্যক্তি উদ্যোগে আবাসন ছাড়াও রিয়েল এস্টেট কোম্পানী তাদের আবাসন প্রকল্প গ্রহণ করতে পারবে। এই জোনে অংশগ্রহণ ভিত্তিক আবাসন প্রকল্প গ্রহণ করা যাবে। এই স্থানগুলো ভবিষ্যতে নগরায়ণ হতে পারে এমনসব জায়গায় রাখা হয়েছে। আবাসিক এলাকায় হোটেল বা মোটেল জাতীয় স্থাপনা নির্মাণের ব্যবস্থা রাখা হয়েছে। আবাসিক এলাকায় গৃহ নির্মাণ করতে

হলে ১৯৫২ সালের ইমারত নির্মাণ আইন এর ধারা ১৮ অনুযায়ী প্রণীত বিধিমালা অনুসরণ করে ডিজাইনকৃত ইমারতের নক্সা কর্পোরেশন থেকে অনুমোদন করিয়ে ইমারত নির্মাণ করতে হবে। সব ধরণের গৃহের জন্য এই আইন প্রযোজ্য।

খ. শিক্ষা ও গবেষণা

এই জোনে মূলত শিক্ষা প্রতিষ্ঠান, প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং গবেষণা প্রতিষ্ঠান বিষয়ক ইমারত অনুমোদন করা যাবে। এই বিদ্যমান শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলিকে অন্তর্ভূক্ত করা হয়েছে। এই জোনে সর্বমোট ৩৫৩.৯৩ একর এলাকা আছে যা মোট এলাকার ৩.৫০%।

গ. স্বাস্থ্য সেবা

স্বাস্থ্যসেবা জোনে সকল বিদ্যমান স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান এবং ভবিষ্যতের সম্ভাব্য স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানগুলির জন্য স্থান নির্ধা হয়েছে। এই জোনে ভূমির পরিমাণ ৫৪.৬৯ একর (০.৫৪%)।

ঘ. গ্রামীণ আবাসন

গ্রামীণ আবাসন এলাকা শহরের প্রান্তে অবস্থিত। এগুলো গ্রাম্য বসতি হিসাবে পরিচিত যা ধীরে ধীরে পরিবর্তিত হয়ে শহরে পরিণত হচ্ছে। নগরায়নের ফলে জমির মূল্য বৃদ্ধি হচ্ছে, কৃষি জমি আবাসন বা অন্য কোন নগর প্রতিষ্ঠানে রূপান্তরিত কৃষিজীবিরা উচ্চ মূল্যে জমি বিক্রয় করে দূরে গিয়ে কম দামে কৃষি জমি কিনে তাদের পেশা চালিয়ে যাচ্ছে। অনেকে নতুন জীবনকে গ্রহণ করে নতুন পেশা বেছে নিচ্ছে। আরবান প্ল্যান এলাকার মধ্যে গ্রামীণ আবাসন এলাকার পরিমাণ ৩৫.১ (০.৩৫%)।

ঙ. বাণিজ্যিক জোন (অফিস)

দু ধরনের বাণিজ্যিক জোন প্রস্তাব করা হয়েছে- বাণিজ্যিক (অফিস) জোন এবং বাণিজ্যিক (ব্যবসা) জোন। বাণিজ্যিক জোন মূলত ভবিষ্যতে ব্যবসায়িক অফিস পাড়া হবে। এখানে ব্যবসায়িক ও অন্যান্য বেসরকারী প্রতিষ্ঠানের দপ্তর থাকবে। আয়তন যখন বড় হবে এবং অর্থনৈতিক তৎপরতা বৃদ্ধি পাবে তখন এ ধরনের ভূমি ব্যবহারের প্রয়োজন দেখা দেবে। এই পার্কিং সহ অফিস সহায়ক অন্যান্য সুযোগ সুবিধা থাকবে। এই জোনে ভূমির পরিমাণ ৪২.০২ একর (০.৪২%)। ম্যাপ- বিস্তারিত দেখানো হয়েছে।

চ. বাণিজ্যিক জোন (ব্যবসা)

এই বাণিজ্যিক জোনে সব ধরনের ব্যবসায়িক কর্মকান্ড চলবে। বাজার, দোকানপাট, শপিং সেন্টার এখানে অবস্থিত হবে। স্থানে ছড়ানো থাকবে এই জোন। বিদ্যমান বাণিজ্যিক এলাকাগুলোও এই জোনে অর্ন্তভূক্ত করা হয়েছে। এই জোনে মোট পরিমাণ ২৬১.৪৯ একর যা মোট প্রকল্প এলাকার ২.৫৯% (ম্যাপ-৬.৭)।

ছ. সড়ক ও পরিবহন প্রতিষ্ঠানসমূহ

বিদ্যমান সড়ক এবং যানবাহন সংক্রান্ত অবকাঠামো মিলিয়ে রাস্তা খাতে মোট জমির সঙ্গে নতুন রাস্তা এবং এতদবিষয়ক অব খাতে অতিরিক্ত প্রায় ১৯০.৮৭ একর জমি যোগ হবে। এতে যোগাযোগ খাতে মোট জমির পরিমাণ হবে ৬৬৩.১৭ একর, যা এলাকার ৬.৫৬%।

জ. মিশ্র ব্যবহার (আবাসিক-বাণিজ্যিক)

মিশ্র এলাকায় আবাসিক ব্যবহারের সঙ্গে বাণিজ্যিক এবং বিবিধ প্রক্রিয়াকরণ কারখানা (পরিবেশ দূষণ করে না) এবং সার্ভিস থাকতে পারে। এটা করা হয়েছে ব্যবসা বাণিজ্যকে প্রসারের সুযোগ করে দেয়ার জন্য। তবে কোন ধরণের পরিবেশ দূ প্রতিষ্ঠান এ সুযোগ পাবে না। এই খাতে মোট জমির পরিমাণ ৩৪৩.৩৩ একর (৩.০৪%)। মিশ্র জোন কেন্দ্রীয় এলাকা হয়েছে যাতে ব্যবসা প্রসার লাভ করতে পারে। বিদ্যমান অনেক মিশ্র এলাকাকে মিশ্র জোনে নিয়ে আসা হয়েছে। ম্যাপ- বিস্তারিত দেখানো হয়েছে।

Land Use Zoning for Urban Plan Area



ক. প্রশাসনিক জোন

বিভাগীয় ও জেলা শহর হিসাবে সিলেটে অনেক সরকারী দপ্তর আছে। এ গুলোকে একটি ভূমি ব্যবহারের (প্রশাসনিক) আওতায় আনা হয়েছে। এই জোনে মোট ভূমি আছে ১১১.৬৭ একর (৪৫.২১ হেক্টর) যা মোট প্রকল্প এলাকার ১.১০%।

খ. সাধারণ শিল্প জোন

বর্তমানে শিল্প জোন স্থাপনের উদ্দেশ্য যাবতীয় শিল্প কারখানাকে নির্দিষ্ট স্থানে একীভূত করা, যাতে এগুলো যেখানে সেখানে স্থাপিত হয়ে পরিবেশ দূষণ করতে না পারে। এছাড়া একীভূত হওয়ার ফলে উৎপাদনগত অনেক সুবিধা পাওয়া যায় যা উৎপাদন ব্যয় হ্রাস করে। ভারী এবং সাধারণ এই দু ধরনের শিল্প জোন প্রস্তাব করা হয়েছে। ইতিমধ্যে স্থাপিত কারখানা গুলোকে শিল্প জোন হিসাবে দেখানো হয়েছে। তবে বিক্ষিপ্তভাবে ছড়ানো দু একটি কারখানা এই জোনভুক্ত করা সম্ভব হয় নাই। শিল্প জোনে মোট ভূমি ২৭.১৪ একর (০.২৭%)।

গ. কৃষি জোন

বর্তমানে এরিয়া প্ল্যান এলাকার প্রান্তসীমায় সীমিত আকারে কৃষি জমি আছে যেখানে কৃষি কাজ হয়ে থাকে। জায়গাগুলো এখনো নগর সম্প্রসারণের আওতায় পড়ে নাই। জায়গাগুলো নিচু এবং মূলত কৃষি জমি। এই সমস্ত এলাকায় এখনো অবকাঠামো গড়ে না ওঠায় নগরায়ন অতি ধীরে হচ্ছে। বিক্ষিপ্ত নির্মাণ রোধ করার জন্য স্থানগুলোতে এখন নগরায়ন না হওয়াই ভালো। তাই স্থানগুলো কৃষি জোন হিসাবে দেখানো হয়েছে। এই খাতে মোট জমি আছে ১৫৯.১৫ একর (১.৫৭%)।

ঘ. প্রতিরক্ষা ও নিরাপত্তা

বিদ্যমান প্রতিরক্ষা ও নিরাপত্তা বিষয়ক স্থাপনাগুলো এই ভূমি ব্যবহারের আওতায় রাখা হয়েছে। এতে রয়েছে পুলিশ লাইন, বিডিআর, বিভিন্ন কেপিআই (key point installation), যেমন, বিদ্যুৎ কেন্দ্র, পানির পাম্প, টেলিফোন এক্সচেঞ্জ ইত্যাদি। এ খাতে মোট ভূমির পরিমাণ ২৬৪.৫১ একর (২.৬২%)।

ঙ. জলাভূমি

শহরের আশে পাশে এবং অভ্যন্তরে নদী, খাল, বিল, পুকুর এবং অন্যান্য জলাশয় আছে। এর মধ্যে অনেকগুলো গুরুত্বপূর্ণ জলাশয় সংরক্ষণের সুপারিশ করা হয়েছে। এগুলোকে জলাশয় ভূমি ব্যবহারের আওতায় দেখানো হয়েছে। জলাশয় খাতে মোট ভূমি ৭২৫.৫৬ একর যা মোট প্রকল্প এলাকার ৭.১৮%।

চ. বিনোদন জোন

পরিকল্পনা এলাকায় অতি অল্প মাত্রায় বিনোদনযোগ্য উন্মুক্ত ভূমি আছে। ভবিষ্যৎ নগরায়নের প্রয়োজনে এটা অবশ্যই বৃদ্ধি করতে হবে। এজন্য নতুন পার্ক, মাঠ ইত্যাদি প্রস্তাব করা হয়েছে। বিদ্যমান এবং নতুন সব মিলিয়ে মোট ১৭৪.৪৬ একর স্থান এই খাতে নির্দিষ্ট করা হয়েছে এই পরিমাণ ভূমি মোট প্রকল্প এলাকার ১.৭৩%।

ছ. টিলা/পাহাড় এলাকা

সিলেটের টিলা এবং পাহাড় সিলেট শহরের এক অনন্য বৈশিষ্ট্য। তাই এগুলো অবশ্যই সংরক্ষণ করতে হবে। এই শ্রেণীকে একটি পৃথক ভূমি ব্যবহারের আওতায় রাখা হয়েছে। এই ধরনের মোট ভূমি চিহ্নিত করা হয়েছে ৪৩৫.৬২ একর (১৭৬.৩৬ হেক্টর)। এটি মোট প্রকল্প এলাকার ৪.৩১ শতাংশ।

জ. চা বাগান

সিলেটের পাহাড়ের পাদদেশে বৈশিষ্টময় চা বাগান আছে। এগুলো একদিকে যেমন সম্পদ, অন্যদিকে এগুলোর পর্যটন গুরুত্ব রয়েছে। তাই চা বাগান গুলো সংরক্ষণ করা জরুরী। চা বাগানগুলোকে তাই পৃথক ভূমি ব্যবহারের আওতায় আনা হয়েছে। এই খাতে ভূমি দেখানো হয়েছে ১০.৫৩ একর (০.১০%)।

থ. ওভারলে জোন

ওভারলে জোন হিসাবে একটি জোন রাখা হয়েছে। প্রকৃতপক্ষে এগুলো জোন নয় কিন্তু নির্দিষ্ট স্থান মাত্র। এই জোনে এমন কিছু ব্যবহার যা ঐ স্থানে বহুদিন ধরে আছে, কিন্তু তা ঐ এলাকার প্রধান ভূমি ব্যবহারের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। কিন্তু ঐ এলাকার বত্তায় বা সামাজিক প্রয়োজনে ঐ ব্যবহারটিকে ওখানেই রাখতে হবে। নতুন ভূমি ব্যবহার বিধি প্রণীত না হওয়া পর্যন্ত এই ব্যবহারগুলো বৈধ হিসাবে ধরে নিতে হবে। ওভারলে জোনে মোট ভূমি ৭৯.২৯ একর (০.৭৮%)। কিছু ওভারলে জোনের উদা নিচে দেয়া হলো:

১। আবাসিক এলাকায় ঐতিহাসিক দূর্গ

২। শিল্প এলাকায় পুকুর

৩। বাণিজ্যিক এলাকায় কবরস্থান

দ. আরবান রিজার্ভ

ভবিষ্যৎ নগর সম্প্রসারনের জন্য আরবান এরিয়া প্ল্যানের বিভিন্ন স্থানে প্রায় ৭১.৬৩ একর (০.৭১%) স্থান সংরক্ষিত রাখা হয়ে

পরিকল্পনা এলাকায় বিভিন্ন ধরনের অনুমোদনযোগ্য, শর্ত-সাপেক্ষে অনুমোদনযোগ্য এবং নিষিদ্ধ ভূমি ব্যবহার বিষয় প পরিশিষ্ট-৬.৪ এ উপস্থাপন করা হলো।

৬.৬ বিশেষ উন্নয়ন প্রস্তাব

৬.৬.১ দারিদ্রতা হ্রাস

দেশে সার্বিকভাবে প্রায় ৪০% মানুষ দারিদ্র সীমার নিচে বসবাস করছে। পল্লী এলাকায় কর্মসংস্থানের সীমাবদ্ধতার কারণে দু জীবিকার জন্য শহরমুখী হয় ফলে নগর দারিদ্র বৃদ্ধি পায়। বর্ধিষ্ণু শহর হওয়ায় সিলেটেও নগর দারিদ্র দ্রুত বাড়ছে। শহরে সামাজিক উন্নয়নের জন্য তাই দারিদ্র হ্রাস করা জরুরী। একটি সামাজিক প্রক্রিয়ার মাধ্যমে দারিদ্র সূচিত হয়। মূল কারণ মধ্যে রয়েছে, জনসংখ্যার চাপ, সম্পদের সীমাবদ্ধতা, শিক্ষা এবং সচেতনতার অভাব। একটি নগর পরিকল্পনা দিয়ে সরাসরি হ্রাস করা সম্ভব নয়। তবে এটি দারিদ্র হ্রাস করার ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখতে পারে। শহরে বিনিয়োগ বৃদ্ধির জন্য অব নির্মাণে নগর পরিকল্পনা সহায়তা করতে পারে। আলোচ্য পরিকল্পনার সুপারিশমালা বাস্তবায়িত হলে শহরে বিনিয়োগ বৃ ফলশ্রুতিতে কর্মসংস্থান বৃদ্ধি পাবে এবং মানুষের আয় বাড়বে যা নগর দারিদ্র হ্রাসে সহায়তা করবে। এজন্য শহরের অপ্র অর্থনৈতিক কর্মকান্ড (informal economic activities) প্রসারের সুযোগ দিতে হবে। এতে দরিদ্ররা আয় রোজগারের সুযো এবং তাদের আয় বৃদ্ধি পাবে ও এতে দারিদ্রতা হ্রাস পাবে।

৬.৭ পরিকল্পনা বাস্তবায়ন পর্যায়সমূহ

আলোচ্য পরিকল্পনাটি নিম্নবর্ণিত দুটি পর্যায়ে বাস্তবায়িত করার জন্য পরামর্শকগণ সুপারিশ করেছেন:

- প্রথম পর্যায় : ২০১০-২০১৫
- দ্বিতীয় পর্যায় : ২০১৫-২০২০

সিলেট শহরের ব্যাপক অর্থনৈতিক সম্ভাবনা রয়েছে। সুষ্ঠু এবং কার্যকর সরকারী নীতি এবং নির্দেশনা পেলে সিলেটের বেসরকা অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অত্যন্ত কার্যকর ভূমিকা রাখতে পারে। তবে এজন্য উপযুক্ত অবকাঠামো এবং সার্ভিস সুবিধা দিতে হবে প্রবৃদ্ধির জন্য স্ট্রাকচার প্ল্যানের আওতায় তিন স্তর (৫+৫+১০) বিশিষ্ট একটি কার্যক্রম তৈরী করা হয়েছে। এর মধ্যে দুটি আরবান এরিয়া প্ল্যান সময়কালে বাস্তবায়ন করতে হবে। প্রথম পর্যায়ে বিদ্যমান অবকাঠামো উন্নয়ন এবং সীমিত নতুন অব নির্মাণ করা হবে। যদি প্রথম পর্যায়ে বিনিয়োগ উৎসাহব্যঞ্জক হয় তবে নতুন অবকাঠামো খাতে বিনিয়োগ বৃদ্ধি করা যেতে অন্যথায় ধীরে চল নীতি গ্রহণ করতে হবে। এ জন্য ৫ বৎসর পর পর উন্নয়ন কার্যক্রম পর্যালোচনা করে সংশোধন করতে

Proposed Urban Residential, Commercial, Industrial and Mixed Use Area



আরবান এরিয়া প্ল্যান এলাকায় অনেক রাস্তা প্রশস্ত করার প্রস্তাব দেয়া হয়েছে। আবার কিছু বন্ধ রাস্তার সংযোগ স্থাপন করে যোগাযোগ সহজ করতে হবে। একাজগুলো অগ্রাধিকার ভিত্তিতে করতে হবে। এতে শহরের সুযোগ সুবিধা বৃদ্ধি পাবে এবং পরিবেশ সংরক্ষণে ও বিনিয়োগ বাস্তব হবে। **সারণি-৬.৬** এ উন্নয়ন প্রকল্পসমূহের একটি অগ্রাধিকার তালিকা উপস্থাপন করা হলো। এই তালিকা অনুযায়ী প্রথম ও দ্বিতীয় পর্যায়ের মধ্যে প্রকল্পগুলো বাস্তবায়ন করতে হবে।

সারণি-৬.৬: রাস্তা উন্নয়ন প্রকল্পের অগ্রাধিকার তালিকা

ক্রমিক নং	রাস্তার নাম	পর্যায়		অগ্রাধিকার
		১ম পর্যায় ২০১০- ২০১৫	২য় পর্যায় ২০১৫- ২০২০	
১	সিলেট-ফেঞ্চুগঞ্জ সড়ক প্রশস্তকরণ (হুমায়ুন রশিদ চত্বর এলাকা)	√		১
২	হুমায়ুন রশিদ চত্বর থেকে কদমতলী পর্যন্ত রাস্তা প্রশস্তকরণ	√		১
৩	কদমতলী থেকে চাঁদনীঘাট পর্যন্ত রাস্তা প্রশস্তকরণ			
৪	চাঁদনীঘাট রাস্তা প্রশস্তকরণ	√		১
৫	বরুণীর রাস্তা প্রশস্তকরণ	√		১
৬	সিলেট-জকিগঞ্জ (কদমতলী) সড়ক প্রশস্তকরণ	√		১
৭	হুমায়ুন রশিদ চত্বর থেকে মেহেন্দীবাগ রোড পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
৮	সোবহানীঘাট থেকে বন্দর বাজার পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
৯	মেহেন্দীবাগ থেকে সোবহানীঘাট পর্যন্ত (বিশ্ব রোড) সড়ক প্রশস্তকরণ	√		১
১০	বন্দর বাজার থেকে জিন্দাবাজার পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
১১	জিন্দাবাজার থেকে চৌহাট্টা পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
১২	চৌহাট্টা থেকে আম্বরখানা পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
১৩	শেখঘাট থেকে রিকাবী বাজার পর্যন্ত (ভিআইপি রোড) সড়ক প্রশস্তকরণ	√		১
১৪	রিকাবী বাজার থেকে ওসমানী মেডিকেল রোড পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
১৫	ওসমানী মেডিকেল থেকে বাগবাড়ী পর্যন্ত সড়ক প্রশস্তকরন	√		১
১৬	ওসমানী মেডিকেল থেকে শেখঘাট (নওয়াব রোড) পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
১৭	বাগবাড়ী থেকে মদিনা মার্কেট পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
১৮	রিকাবী বাজার থেকে মিরের ময়দান পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
১৯	মিরের ময়দান থেকে সুবিদবাজার পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
২০	বাগবাড়ী থেকে সুবিদবাজার পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
২১	কাজল শাহ রোড থেকে কানিশাইল পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
২২	কলাপাড়া থেকে কানিশাইল পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
২৩	জিন্দাবাজার থেকে লামা বাজার পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
২৪	জিন্দাবাজার থেকে জেল রোড পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
২৫	জেল রোড থেকে নয়াবপুল পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
২৬	জেল রোড থেকে নয়া সড়ক পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
২৭	চৌহাট্টা থেকে রিকাবী বাজার পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
২৮	চৌহাট্টা থেকে নয়া সড়ক পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
২৯	বাবুলখানা পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
৩০	আবু তোরাব রোড প্রশস্তকরণ	√		১
৩১	ডেইলি মার্কেট রোড প্রশস্তকরণ	√		১
৩২	ওসমানী শিশু পার্ক থেকে মানিক পির মাজার পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
৩৩	সোবহানীঘাট থেকে নয়াবপুল পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
৩৪	আম্বরখানা থেকে বিমানবন্দর পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
৩৫	আম্বরখানা থেকে শাহী ঈদগাহ পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
৩৬	আম্বরখানা থেকে কুমারগাঁও পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
৩৭	বন্দর বাজার থেকে তালতলা পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১
৩৮	তালতলা থেকে শেখ ঘাট পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		১

ক্রমিক নং	রাস্তার নাম	পর্যায়		[illegible]
		১ম পর্যায় ২০১০- ২০১৫	২য় পর্যায় ২০১৫- ২০২০	
৩৯	তালতলা থেকে লামা বাজার পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		[illegible]
৪০	রাকিগঞ্জ রোড থেকে ফেঞ্চুগঞ্জ রোড পর্যন্ত লিংকে রোড নির্মান		√	[illegible]
৪১	লোহারপাড়া রোড প্রশস্তকরণ	√		[illegible]
৪২	কালিবাড়ী রোড প্রশস্তকরণ	√		[illegible]
৪৩	ইচাখোলা রোড প্রশস্তকরণ	√		[illegible]
৪৪	আলী বাহার টি গার্ডেন রোড প্রশস্তকরণ	√		[illegible]
৪৫	বড়শপু রাস্তা প্রশস্তকরণ	√		[illegible]
৪৬	বিমানবন্দর রাস্তা থেকে ভোলাগঞ্জ রাস্তা পর্যন্ত সড়ক প্রশস্তকরণ	√		[illegible]
৪৭	সোহাব খান রোড প্রশস্তকরণ	√		[illegible]
৪৮	শেখ ঘাট থেকে আম্বরখানা পর্যন্ত (তালতলা, বন্দর বাজার, জিন্দা বাজার, চৌহাট্টা হয়ে) রাস্তা নির্মাণ (১ম পর্যায়)		√	[illegible]
৪৯	বন্দর বাজার থেকে শাহী ঈদগাহ পর্যন্ত (সোবহানী ঘাট, নয়াসড়ক হয়ে) রাস্তা নির্মাণ (২য় পর্যায়)		√	[illegible]
৫০	কীন ব্রীজ থেকে কুশি ঘাট পর্যন্ত ২০ ফুট রাস্তা নির্মাণ (বাঁধের উপর)		√	[illegible]
৫১	কুইগাও খাল থেকে সিলেট বাইপাস পর্যন্ত ২০ ফুট রাস্তা নির্মাণ (বাঁধের উপর)		√	[illegible]
৫২	মহাজন পট্টি রোড থেকে ছাপ্তি পট্টি রোড পর্যন্ত ৬০ ফুট রাস্তা নির্মাণ		√	[illegible]
৫৩	কাষ্টঘর থেকে আমজান সড়ক পর্যন্ত ৬০ ফুট রাস্তা নির্মাণ		√	[illegible]
৫৪	বড়শপু থেকে শাহ খুররম ডিগ্রি কলেজ পর্যন্ত ৮০ ফুট রাস্তা নির্মাণ		√	[illegible]
৫৫	বঙ্গবীর রোড থেকে ঢাকা- সিলেট রোড পর্যন্ত ৬০ ফুট রাস্তা নির্মান		√	[illegible]

সারণি- ৬.৭: আরবান এরিয়া প্ল্যানের ড্রেনেজ প্রকল্প

ক্রমিক নং	প্রকল্পের নাম	পর্যায়		[illegible]
		১ম পর্যায় ২০১০ - ২০১৫	২য় পর্যায় ২০১৫- ২০২০	
১.	মালনি এবং গোয়ালী ছড়া খনন এবং অবৈধ দখল উচ্ছেদ।	√		[illegible]
২	অন্যান্য ছড়া খনন এবং অবৈধ দখল উচ্ছেদ।		√	[illegible]
৩	শহরের ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন।	√		[illegible]

সারণি- ৬.৮: আরবান এরিয়া প্ল্যানের বিনোদনমূলক প্রকল্প

ক্রমিক নং	প্রকল্পের নাম	পর্যায়		[illegible]
		১ম পর্যায় ২০১০ - ২০১৫	২য় পর্যায় ২০১৫- ২০২০	
১	২৫.২৩ একর বিশিষ্ট সুরমা নদী তীর বিনোদন প্রকল্প।		√	[illegible]
২	সুরমা আবাসিক প্রকল্পের নিকট ২০.২৭ একর জমিতে লেক উন্নয়ন প্রকল্প।	√		[illegible]
৩	জালালাবাদ গ্যাস অফিসের কাছে পানি নির্ভর বিনোদন প্রকল্প (২৯.২৩ একর)।		√	[illegible]
৪	জেলখানা স্থানান্তরের পর খালি জায়গায় (২৫.৫০ একর) বিনোদনমূলক প্রকল্প বাস্তবায়ন।	√		[illegible]

সপ্তম অধ্যায়

পরিবেশগত উন্নয়ন

৭.১ পরিবেশগত প্রভাব এবং প্রতিকার

৭.১.১ ভৌত পরিবেশ (Physical Environment)

ক. বন্যা প্রতিরোধ

সুরমা নদীতে বিভিন্ন স্থানে পাড়ের ভাঙন দেখা যায়, তবে এটি নিয়মিত নয়। শহরের পশ্চিমাংশে (সুরমা নদীর পশ্চিমাংশে) নদীর পাড় এখনো অরক্ষিত। নদীর কাছাকাছি ১০ নং ওয়ার্ড এলাকায় অবস্থিত সড়কটি নদীর পাড়ের বেশ কিছু অংশ ভাঙন কবলিত। সিলেট মাস্টার প্ল্যান প্রকল্পটি বাস্তবায়িত হলে সম্পূর্ণ সিলেট শহর অনেকটাই নদী ভাঙন থেকে সুরক্ষিত থাকবে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. পশ্চিমাংশে নতুন 'রিটেনশান ওয়াল' তৈরি করতে হবে ।
২. স্বাভাবিক পানি নিষ্কাশন ব্যাহত হলে বন্যার সময় পাম্পের মাধ্যমে অতিরিক্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে। অতিরিক্ত পানি পাম্প করে ফেলার মাধ্যমে মেহদিবাগ এলাকাকে বন্যাকবলিত হওয়া থেকে রক্ষা করা সম্ভব।

দায়িত্ব প্রাপ্ত সংস্থা

পানি উন্নয়ন বোর্ড এবং সিলেট সিটি কর্পোরেশন ।

খ. ভূমিকম্প

বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের মধ্যে ভূমিকম্প অত্যন্ত বিধ্বংসী একটি দুর্যোগ। সমগ্র বাংলাদেশ বেশ কয়েকটি 'সিসমিক ফল্ট' এর ওপর অবস্থিত, যেগুলো ভূমিকম্পের প্রধান উৎস। সিলেট সিসমিক জোন-৩ এ অবস্থিত এবং এই জোনে ভূমিকম্পের সম্ভাবনা সবচেয়ে বেশি। অপরিকল্পিত এবং অনিয়ন্ত্রিত নগরায়ন এবং ভবন নির্মাণে বিএনবিসির বিধি লঙ্ঘন এই অবস্থাকে আরও জটিল করেছে। ঢাকার ডিএমডিপি আরবান এরিয়া প্ল্যান ভলিউম-।। (তৃতীয় খন্ড-ইন্টেরিম প্ল্যানিং রুলস) তে জিওলজিক্যাল ফল্ট লাইন এর কাছাকাছি ভবন নির্মাণের ব্যাপারে বলা হয়েছে- *"জিওলজিক্যাল ফল্ট লাইনের ৫০০ মিটারের মধ্যে ২ তলার বেশী উঁচু কোন ভবন নির্মাণের অনুমতি দেওয়া হবে না, যদি না ভবনটি সিসমিক জোন-৩ এর জন্য বিএনবিসিতে নির্ধারিত নিয়মানুযায়ী তৈরি করা হয় (বিএনবিসি সেকশান ৬, অধ্যায় ২.২৫)"*। একই ধরণের ব্যবস্থা সিলেট শহরের জন্যও গ্রহণ করতে হবে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. সকল নতুন ভবন ডিজাইন এবং নির্মাণ ন্যাশনাল বিল্ডিং কোড এর বিধি অনুযায়ী তৈরী করতে হবে।
২. ভূমিকম্প পরবর্তী পরিস্থিতি মোকাবেলার জন্য একটি সঠিক পরিকল্পনা প্রণয়ন করতে হবে।
৩. প্রাথমিক উদ্ধার তৎপরতা চালানোর জন্য স্থানীয় লোকজনকে প্রশিক্ষণ দিতে হবে।
৪. ভূমিকম্প সম্পর্কে জনসচেতনতা বাড়ানোর উদ্যোগ নিতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, সিভিল ডিফেন্স ও ফায়ার সার্ভিস, পরিবেশ অধিদপ্তর।

গ. টপোগ্রাফির পরিবর্তন

সিলেট শহরের টপোগ্রাফি বাংলাদেশের অন্যান্য যে কোন শহর থেকে সম্পূর্ণ ভিন্ন। নগরায়নের ফলে শহরের প্রাকৃতিক টপোগ্রাফি অনেকটাই পরিবর্তিত হয়েছে। মাস্টার প্ল্যান বাস্তবায়নের ফলে রাস্তা-ঘাট, ড্রেনেজ, ব্রিজ/কালভার্ট, গৃহায়ন ও শিল্পাঞ্চল এবং বাজার স্থাপনের মধ্য দিয়ে টপোগ্রাফি এবং ভূমি ব্যবহারে একটি বৈপ্লবিক পরিবর্তন আসবে। কৃষি ভূমি শহরে রূপান্তরিত হবে। তখন বর্তমান দৃষ্টিনন্দন সবুজ এলাকা হারিয়ে যাবে, জলাধার ধ্বংস হবে এবং নগরায়নের ফলে ভূ-পৃষ্ঠের স্বাভাবিক ঢাল ব্যাহত হবে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. সতর্কতার সাথে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে যাতে টপোগ্রাফির বড় ধরনের কোন পরিবর্তন [illegible]
২. রাস্তা, বাড়ী বা শিল্প-কারখানা নির্মাণকালে জলাধার গুলোকে সংরক্ষণ করতে হবে।
৩. গৃহনির্মাণ, ভবন নির্মাণ এবং রাস্তার সংযোগস্থল নির্মাণে মানসম্মত ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচারাল ডিজাইন [illegible] হবে।
৪. শহরের সৌন্দর্য বাড়াতে বৃক্ষরোপন এবং বাগান তৈরি করতে হবে।
৫. টিলা, ছড়া, পুকুর এবং অন্যান্য বড় জলাধারগুলোকে সংরক্ষণ করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন, পরিবেশ অধিদপ্তর এবং বনবিভাগ।

ঘ. ভূমি ব্যবহার পরিবর্তন

ভূমি ব্যবহারের প্রধান ক্ষেত্র হল গৃহায়ন যা সম্পূর্ণ এলাকার প্রায় ৩৬%। দ্বিতীয় প্রধান ব্যবহার হল কৃষিকাজ [illegible] ২১.৫০%। পাশাপাশি চা বাগান এবং পাহাড়ী এলাকা আছে ১৭.৭৭%। প্রকল্প বাস্তবায়নের সাথে সাথে শহরতলী [illegible] দ্রুত হারে শহর এলাকায় পরিবর্তিত হয়ে যাবে ।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. সতর্কভাবে পরিকল্পনা তৈরী করা যাতে গ্রামীণ অবস্থা এবং কৃষি ভূমির ব্যবহার পরিবর্তন যথাসম্ভব কম হয়।
২. জলাধার এবং উচ্চ ফলনশীল জমি উন্নয়ন কর্মকান্ড থেকে বাদ রাখতে হবে।
৩. ভূমির উপযুক্ত ব্যবহার করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন, কৃষি ও পশু সম্পদ মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর ।

ঙ. জলাবদ্ধতা

শহরের সীমানা বৃদ্ধির সাথে সাথে জলাবদ্ধতা বাড়ার সম্ভাবনা আছে। ড্রেনের ত্রুটিযুক্ত ডিজাইন, ড্রেন থেকে বর্জ্য নিষ্কাশন [illegible] খাল অবৈধ দখল, অননুমোদিত ভবন নির্মাণ, পলি অপসারণ এবং পুণঃখনন কাজের অভাবই জলাবদ্ধতার প্রধান কারণ [illegible] প্রধান ছড়া শহরের উপর দিয়ে প্রবাহিত হচ্ছে যেগুলো পানি নিষ্কাশনের জন্য প্রধান চ্যানেল হিসেবে কাজ করে থাকে। কিন্তু [illegible] রক্ষনাবেক্ষণ ভালো নয়। এই সব ছড়ার একমাত্র আউটলেট হল সুরমা নদী। তাই ভবিষ্যতে নতুন নগরায়িত এলাকার [illegible] একটি সমস্যা হিসেবে দেখা দিতে পারে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. শহরের পূর্বাংশে এবং সুরমা নদীর দিকে একটি নতুন পাম্প নির্ভর নিষ্কাশন ব্যবস্থা তৈরি করতে হবে।
২. ছড়াগুলোর পুনর্খনন এবং সেকেন্ডারী ও টারশীয়ারী ড্রেনগুলোর পুণঃনির্মাণ করতে হবে।
৩. ড্রেনেজ ব্যবস্থার বিভিন্ন অংশে নির্মিত অননুমোদিত সকল স্ট্রাকচার অপসারণ করতে হবে।
৪. নতুন এলাকার যথাযথ ড্রেনেজ নেটওয়ার্ক নির্মাণ করতে হবে।
৫. ড্রেনে বর্জ্য এবং আবর্জনা ফেলা বন্ধ করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬. ড্রেনগুলো নিয়মিত পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন।

১. পানি দূষণ

সুরমা নদী, কুইগাং খাল এবং হাওরের পানি পিএইচ, টারবিডিটি এবং কলিফর্ম ব্যাকটেরিয়ার দ্বারা অতিমাত্রায় দূষিত। তবে কলিফর্ম ব্যাকটেরিয়া ছাড়া অন্যান্য দূষণের মাত্রা কম। এই দূষণের প্রধান উৎস হল শহরের বর্জ্য পানি, পয়ঃবর্জ্য এবং বর্জ্য পদার্থ নিষ্কাশন। এই পরিকল্পনা বাস্তবায়নের ফলে এই দূষণের মাত্রা বেড়ে যাবার সম্ভাবনা আছে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. অস্বাস্থ্যকর কাঁচা, ঝুলন্ত এবং পিট ল্যাট্রিন নির্মাণ বন্ধ করতে হবে।
২. সিটি কর্পোরেশন এলাকার জন্য ভূগর্ভস্থ স্যুয়ারেজ নেটওয়ার্ক নির্মাণ করতে হবে।
৩. পাকা ল্যাট্রিন, সেপটিক ট্যাংক এবং সোক ওয়েল নির্মাণ উৎসাহিত করতে হবে।
৪. ড্রেন, ছড়া এবং নদীতে মেডিক্যাল ও গৃহস্থালী বর্জ্য ফেলা বন্ধ করতে হবে।
৫. কসাইখানা, মাছ ও কাঁচা বাজার এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ণ করতে হবে।
৬. কোন ছড়া, নিচু ভূমি এবং নদীতে শহরের বর্জ্য পানির সরাসরি নিষ্কাশন প্রতিরোধ করতে হবে।
৭. বর্জ্য পানি এবং স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপন করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন, এলজিইডি এবং পরিবেশ অধিদপ্তর ।

২. ভূ-গর্ভস্থ পানির স্তর হ্রাস

গত কয়েক দশকে সিলেট শহরের ভূগর্ভস্থ পানির স্তর অনেক নিচে নেমে গিয়েছে। ২০৩০ সাল নাগাদ এই স্তর নামার পরিমাণ হবে প্রায় ২০ মিটার (DPHE রিপোর্ট)। শুষ্ক মৌসুমে এই স্তর নিচে নেমে যাওয়া একটি স্বাভাবিক বিষয়। ফলে অনেক গভীর নলকূপ শুষ্ক মৌসুমে অকার্যকর হয়ে পড়ে। যদি বর্তমান হারে পানি উত্তোলন বিদ্যমান থাকে, তবে ভবিষ্যতে এই পরিকল্পনা বাস্তবায়নের ফলে নগরায়ন ও শিল্পায়ন বৃদ্ধি পেলে পানির স্তর আরো নিচে নেমে যাবে ।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. গৃহস্থালী কাজের জন্য সুরমা নদীর পানি ব্যবহার করার ব্যবস্থা নিতে হবে ।
২. বৃষ্টির পানি সংরক্ষণ এবং ব্যবহার করা উৎসাহিত করতে হবে।
৩. ভূগর্ভস্থ পানি রিচার্জের জন্য কৃত্রিম পদ্ধতি উদ্ভাবণ করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন, ডিপিএইচই এবং এনজিও।

৩. ভূগর্ভস্থ পানি দূষণ

আর্সেনিক, আয়রণ এবং অন্যান্য ধাতু দ্বারা ভূগর্ভস্থ পানি দূষণ হচ্ছে। উন্নয়ন কর্মকান্ড বৃদ্ধি পেলে এই দূষণের মাত্রা আরও বেড়ে যাবে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. ভূগর্ভস্থ পানির উপর নির্ভরশীলতা হ্রাস করে সুরমা নদীর পানি ব্যবহার বৃদ্ধি করতে হবে।
২. বৃষ্টির পানি সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে।
৩. পুকুর, ছড়া, ডোবা এবং নদীর পানি সংরক্ষণ করে সেচ সহ বিবিধ কাজে ব্যবহার করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন, এলজিইডি, পানি উন্নয়ন বোর্ড, পরিবেশ অধিদপ্তর এবং এনজিও।

ঝ. জলাভূমি ধ্বংস

নগরায়ন প্রক্রিয়ায় প্রথম ক্ষতিগ্রস্থ হয় জলাভূমি। এতে পুকুর, হাওড় এবং ছড়া ভরাট করা হয়। বর্জ্য পানি ফেলার কারণে জ… ইকোসিস্টেম ক্ষতিগ্রস্থ হয়। ফলে জলজ প্রাণী হয় মারা যায়, নয়ত অন্যত্র চলে যেতে বাধ্য হয়। উঁচু জায়গার দাম বে… কারণে আবাসন ব্যবসায়ীরা কম দামের এই নিচু জলাভূমি গুলোর প্রতি বেশি আকৃষ্ট হয়। জলাধার ভরাটের জন্য কোন কঠি… নেই, যা আছে তার প্রয়োগ হয় না। একটি পুকুর ভরাট করলে সিটি কর্পোরেশন মাত্র ৫০০ টাকা জরিমানা করতে পারে। … এবং বাণিজ্যিক ব্যবহারের জন্য প্রতি বছর সিলেটে অসংখ্য পুকুর ভরাট হয়ে যাচ্ছে। বৃষ্টি এবং বন্যার পানি ধরে রাখ… জলাভূমি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভূ-গর্ভস্থ পানি রিচার্জ এবং জলজ প্রাণী ও উদ্ভিদের বেঁচে থাকার জন্য জলাভূমি সংরক্ষণ অত্যন্ত …

প্রতিকারমূলক ব্যবস্থা

১. বিল এবং পুকুরে ড্রেনেজ আউটলেট বন্ধ করার ব্যবস্থা নিতে হবে ।
২. রোড এলাইনমেন্ট ঠিক করার সময় জলাভূমি এড়িয়ে ডিজাইন করতে হবে।
৩. আবাসন প্রকল্প, শিল্পায়ন এবং অন্যান্য উদ্দেশ্যে জলাভূমি ভরাট বন্ধ করার ব্যবস্থা নিতে হবে।
৪. জলাধার সংরক্ষণ আইন ২০০০ এর কঠোর প্রয়োগ করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন, পরিবেশ অধিদপ্তর এবং এনজিও সমূহ।

ঞ. শব্দ দূষণ

শব্দ বিরক্তিকর পর্যায়ে পৌঁছালে মানুষের শারীরিক ও মানসিক শান্তি বিঘ্নিত হয় এবং জনস্বাস্থ্যের ভয়াবহ ক্ষতিসাধিত হয়। … পানি ও বায়ু দূষণের সাথে সাথে অতিমাত্রায় শব্দ দূষণও নগরবাসীর স্বাস্থ্যের ক্ষতিসাধন করছে। এর প্রধান উৎস মোটর… এছাড়া শিল্প কারখানার নির্মাণ কাজ, মাইক ও লাউডস্পিকারের অবিবেচনা প্রসূত ব্যবহারও এই দূষণের অন্যতম কারণ। শ্র… এবং নার্ভ সিস্টেমের ওপর উচ্চ মাত্রার শব্দ ক্ষতিকর প্রভাব ফেলে। একটি রিপোর্ট থেকে জানা যায় যে, শহরের বাসি… শ্রবণশক্তি গত ১০ বছরে হ্রাস পেয়েছে। সিলেট ওসমানী মেডিকেল কলেজে ভর্তি হওয়া রোগীদের ৫-৭%-ই পুরোপু… শ্রবণহীনতায় আক্রান্ত। সিলেট বাস টার্মিনাল এলাকা, বন্দর বাজার, আম্বরখানা, জিন্দাবাজার এবং চৌহাট্টা এলাকা সবচেয়ে … শব্দ দূষণ দ্বারা ক্ষতিগ্রস্থ। তবে মোটরগাড়ির সংখ্যা বাড়ার সাথে সাথে এই দূষণ অসহনীয় পর্যায়ে চলে গিয়েছে। ভবি… মোটরগাড়ি ও নগরায়ন বৃদ্ধির সাথে সাথে এই দূষণ বাড়তেই থাকবে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. বাস, ট্রাক এবং অন্যান্য যানবাহনে হাইড্রলিক হর্ণ ব্যবহার নিষিদ্ধ করার ব্যবস্থা নিতে হবে।
২. কিছু এলাকা যেমন-হাসপাতাল, স্কুল, পার্ক ইত্যাদি নীরব এলাকা ঘোষণা করতে হবে।
৩. শব্দ দূষণ আইনের কঠোর প্রয়োগ বাস্তবায়ন করতে হবে।
৪. স'মিলের অস্বাভাবিক মাত্রার শব্দ বন্ধ করতে হবে এবং পুরনো মেশিনগুলো ঠিক করা অথবা প্রতিস্থাপন করতে … মেশিনগুলোর ভিত এমনভাবে তৈরি করতে হবে যাতে শব্দ দূষণ কম হয়। মেশিনগুলোর সাথে বিশেষ ধরণের সাই… ব্যবহার করা যেতে পারে।
৫. ওয়েল্ডিং এবং কামারখানার চারপাশে কাঁচের বেড়া দিতে হবে যাতে আশাপাশের পথচারীদের ওপর শব্দের বিরূপ প্রভা… পড়ে। এসব কারখানার কর্মীদের সব সময় ইয়ারপ্লাগ ও চশমা ব্যবহার করা এবং নিয়মিত শারীরিক অবস্থা পরীক্ষা ক… হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন, বিআরটিএ, সিলেট মেট্রোপলিটন পুলিশ, মেডিকেল কলেজসমূহ, যানবাহন মালিক এবং শ্রমিক সমিতি, এনজিও।

২. বায়ু দূষণ

বায়ু সিলেট শহরে শিল্পায়নের হার কম, তাই বায়ু দূষণ সামান্য। বায়ু দূষণের প্রধান উৎস মোটরগাড়ি। অধিকাংশ গাড়ী পুরাতন এবং এগুলোর ফিটনেস সার্টিফিকেট নেই। শহরের অধিকাংশ অংশেই কার্বন-ডাই-অক্সাইড, সালফার ডাই অক্সাইড এবং ভাসমান ধূলিকণার পরিমাণ অনুমোদিত সীমার তুলনায় অনেক বেশি। কার্বন-ডাই-অক্সাইডের ঘনত্ব সবচেয়ে বেশি পাওয়া যায় জিন্দাবাজারে যার পরিমাণ ৫৫০ পিপিএম এবং সবচেয়ে কম পাওয়া যায় উপশহর এলাকায় এবং এর পরিমাণ ৪২০ পিপিএম। গড় ঘনত্বের পরিমাণ ৩৫০ পিপিএম। বিভিন্ন স্থানে সালফার ডাই অক্সাইডের পরিমাণ দেখা যায় ৮৪০ মাইক্রোগ্রাম পার কিউবিক মিটার, যেখানে অনুমোদিত সীমা হল ১০০ এমজিপিসিএম (ডিওই)। এছাড়া ভাসমান ধূলিকণার পরিমাণও অনেক বেশি পাওয়া যায়। সর্বোচ্চ পরিমাণ হল ৩৩৩৩ এমজিপিসিএম যেখানে অনুমোদিত সীমা হল ৪০০ থেকে ৫০০ এমজিপিসিএম। আম্বরখানা, জিন্দাবাজার, বন্দর, উপশহর, রিকাবিবাজার এবং তাঁতীপাড়া এলাকা সবচেয়ে ক্ষতিগ্রস্ত এলাকা।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. বাস, ট্রাক, ট্যাক্সি এবং টেম্পোতে ক্যাটালাইটিক কনভার্টার ব্যবহার করতে হবে ।
২. পেট্রোল এর পরিবর্তে সিএনজির ব্যবহার বাড়াতে হবে।
৩. ইটের ভাটায় ১২০ ফুট লম্বা স্ট্যাক ব্যবহার করা এবং CO, SO_2 এবং NO_2 গ্যাস কমাবার জন্য ফিল্টার ব্যবহার বৃদ্ধি করতে হবে।
৪. গ্রোথ সেন্টার, আবাসিক এলাকা এবং বাজারের কাছাকাছি অবস্থিত ইটের ভাটাগুলো বন্ধ করার ব্যবস্থা নিতে হবে।
৫. অভ্যন্তরীণ রাস্তা দিয়ে বালু ও পাথরবাহী ট্রাকের চলাচল বন্ধ করার ব্যবস্থা নিতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন, পরিবেশ অধিদপ্তর, বিআরটিএ, ডিসি অফিস, যানবাহন মালিক ও শ্রমিক সমিতি।

৩. বে-আইনীভাবে পাহাড় কাটা

বাংলাদেশের অন্যান্য অংশের তুলনায় সিলেট শহর এবং এর আশ পাশের টপোগ্রাফি ভিন্ন প্রকৃতির। এখানকার প্রকৃতি টিলা, পাহাড়, হাওড় এবং বিস্তৃত বন্যা প্রবাহ সমভূমি দ্বারা গঠিত। এটি স্পষ্ট যে, পাহাড়ের যেকোন ধরণের অবিবেচনা প্রসূত ব্যবহার এলাকার ইকোসিস্টেমের উপর ব্যাপক প্রভাব ফেলে। অপরিকল্পিত নগরায়ন ও অন্যান্য কারণে সিলেট শহরে প্রচুর পাহাড় কাটা হয়েছে। পাহাড় ধ্বংস করার সরাসরি এবং সম্ভাব্য প্রভাব হল বনভূমি ধ্বংস, মরুকরণ, পরিবেশের ভারসাম্য বিনষ্ট, জলবায়ুর পরিবর্তন এবং ভূমিধ্বস বৃদ্ধি।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. পাহাড় কাটা বিষয়ে বিস্তারিত পরিবেশগত প্রভাব নিরুপন করতে হবে।
২. পরিবেশ সংরক্ষণ আইন ১৯৮৫ এর কঠোর প্রয়োগ করতে হবে।
৩. পাহাড় কাটার বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন এবং পরিবেশ অধিদপ্তর।

৭.১.২ জৈবিক পরিবেশ (Biological Environment)

ক. আবাসভূমি ধ্বংস

নগরায়নের ফলে শহরাঞ্চলে গাছপালা এবং বন্যপ্রাণীদের বাসস্থান আগেই বিনষ্ট হয়েছে। কিন্তু শহরের বৃদ্ধি ধীরে ধী[illegible] এলাকার প্রাকৃতিক বাসস্থানগুলোকেও ধ্বংস করে দিচ্ছে। নগরায়ন এবং শিল্পায়নের জন্য কৃষিজমি ধ্বংস হবে, জলাধার [illegible] যাবে, নদী এবং ছড়াগুলো দূষিত হয়ে যাবে এবং নতুন বাসস্থানের জন্য প্রচুর বৃক্ষ নিধন হবে। পাখি, স্তন্যপায়ী প্রাণী, [illegible] অন্যান্য প্রাণী বাসস্থান এবং খাদ্য সংকটে পড়বে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. সেনসিটিভ ইকোসিস্টেমের প্রতি খেয়াল রেখে সতর্কতার সাথে পরিকল্পনা প্রণয়ন করতে হবে।
২. নগরায়নের জন্য ন্যূনতম ভূমি ব্যবহার করতে হবে।
৩. জলাধার এবং ছড়াসমূহ সংরক্ষণ করতে হবে।
৪. বৃক্ষ নিধন রোধকল্পে জনসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে ।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন, পরিবেশ অধিদপ্তর এবং এনজিও।

খ. জীববৈচিত্র্য ধ্বংস

নতুন এলাকায় নগরায়ন শুরু হলে নগর ভিত্তিক কর্মকান্ড বৃদ্ধি পাবে। বর্তমানে যে সবুজ প্রাকৃতিক পরিবেশ আছে তা ধী[illegible] কৃত্রিম দালানকোঠা দ্বারা প্রতিস্থাপিত হয়ে যাবে। বৃক্ষ নিধন করা হবে, দূষিত হয়ে যাবে জলাধার, বাগান ও ঝোপঝাড় [illegible] যাবে। এতে পাখি, বন্যজন্তু এবং মাছের বিচরন ক্ষেত্র কমে যাবে এবং এ অঞ্চল থেকে একটি বিশাল জীববৈচিত্র হারিয়ে যাবে

প্রতিকারমূলক ব্যবস্থা

১. অত্যন্ত গুরুত্বপূর্ণ ইকোলজিক্যাল এলাকা এবং বন্যপ্রাণীর আশ্রয়স্থলগুলো উন্নয়ন কর্মকান্ড থেকে বাদ দিতে হবে।
২. বাসস্থানের চারপাশে কিছু ছোট গাছ এবং বাগান করতে জনসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে।
৩. নদী বরাবর এবং ছড়ার পাশাপাশি যেসব রাস্তা আছে তার দুপাশে বৃক্ষরোপন করতে হবে।
৪. জলাশয় সংরক্ষণ করতে হবে যাতে জলজ প্রাণী এবং মাছ এর বাসস্থান সংরক্ষিত থাকে।
৫. পাখি ও বন্যজন্তু শিকারে নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন, বনবিভাগ, মৎস্য বিভাগ, পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট, শাহজালাল বিশ্ববিদ্যালয় এবং এনজিও।

গ. মাছের আবাসস্থল ধ্বংস

পরিকল্পনা এলাকাটি প্রধানত উঁচু এবং মধ্যম উঁচু ভূমি সমন্বয়ে গঠিত। বিল এবং নিচু জমি এখানে খুব কম। সে কারণেই [illegible] মৎস সম্পদের পরিমাণ এই এলাকায় অনেক কম। মাত্র ১৫-২০ শতাংশ মাছের চাহিদা এই মাছ ধরার মাধ্যমে পূর্ণ হয়। সুরম[illegible] পুকুর, বাওড় এবং ছড়ার মাছ এই এলাকায় মাছের চাহিদা পুরণ করতে সহায়তা করে থাকে। এই পরিকল্পনা বাস্তবায়নে [illegible] মাছের পরিমাণ উল্লেখযোগ্য পরিমাণে কমে যাবে, কেননা স্যুয়ারেজ, ড্রেনের নোংরা পানি, শিল্পকারখানার বর্জ্য, গৃহস্থালি [illegible] নিষ্কাশনের কারণে পানি দূষিত হবে এবং সে কারণে মাছের আবাসস্থল ধ্বংস হবে। পূর্ব ও পশ্চিম দিকের নতুন বন্যা প্রতি[illegible] বাঁধ, স্লুইস গেট এবং স্থাপনাসমূহের কারণে মাছের ভিতরে ও বাহিরে আসা যাওয়া বন্ধ হয়ে যাবে। ভূমি উন্নয়ন এবং নগ[illegible] কারণে খাল, বিল এবং অন্যান্য জলাভূমির পরিমাণও কমে যাবে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. ড্রেনের পানি সরাসরি নদী, ছড়া এবং বিলে ফেলা বন্ধ করতে হবে ।

২. স্যুয়ারেজ এবং দূষিত পানি পরিশোধণ প্ল্যান্ট স্থাপন করতে হবে ।
৩. বর্ষা মৌসুমের শুরুতে স্লুইস ও রেগুলেটর এর গেইট মাছের বংশবিস্তারের প্রয়োজনে খুলে দিতে হবে ।
৪. যথেচ্ছ জলাভূমি ভরাট কঠোরভাবে প্রতিরোধ করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন এবং পরিবেশ অধিদপ্তর।

খ. পুকুর ও মাছ চাষ খামার ধ্বংস

সিলেট শহর পুকুরের জন্য বিখ্যাত। জরিপ থেকে প্রায় ১৭৭৪ টি পুকুর পাওয়া গিয়েছে যার আয়তন প্রায় ৬৭৮.৩৭ একর। এই পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে, শিল্পায়ন ও নগরায়নের কারণে অনেক পুকুর হারিয়ে যাবে। কারণ জমির মালিকরা অধিক মূল্যের জন্য এ সমস্ত জমি বিক্রয় করে দেবে এবং পরে আবাসস্থল ও অন্যান্য উন্নয়নের জন্য জমি ভরাট করবে। ফলে আবাসস্থল হারানোর কারণে মাছের পরিমাণও কমে যাবে। এখানে জমি ও পুকুর ভরাট সংক্রান্ত কোন কঠোর নিয়মনীতি নেই। কেউ যদি জলাভূমি ভরাট করে, সিলেট সিটি কর্পোরেশন শাস্তিস্বরূপ শুধুমাত্র ৫০০ টাকা জরিমানা করতে পারে ।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. মাস্টার প্ল্যানের ম্যাপে এ সব পুকুরগুলোকে আলাদাভাবে চিহ্নিত করতে হবে এবং বড় পুকুরগুলিকে তাদের গুরুত্ব এবং মানুষের চাহিদা বুঝে রক্ষা করতে হবে ।
২. মাস্টার প্ল্যানের নিয়মনীতির বিধিমালা অনুযায়ী পুকুরগুলোকে সংরক্ষণ করতে হবে।
৩. যদি বর্তমান আইন পুকুর ভরাট বন্ধ করতে ব্যর্থ হয় তবে নতুন আইন তৈরি করতে হবে ।
৪. পুকুরের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা তৈরি করতে হবে এবং বর্ষাকালে পানি প্রবাহের জন্য কালচার খামার, গোসল এবং পানি সংরক্ষণে এর ভূমিকা সকলকে জানাতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন, পরিবেশ অধিদপ্তর, এবং ডিসি (ভূমি) অফিস।

গ. উর্বর কৃষিভূমি বিনষ্ট

এই পরিকল্পনার পূর্ব ও দক্ষিণ দিকে বিশাল আয়তনের কৃষি ভূমি অন্তর্ভূক্ত করা হয়েছে। উঁচু এবং নিচু উভয় ধরণের ভূমিই এই পরিকল্পনার অন্তর্ভূক্ত। ফলে এই পরিকল্পনা বাস্তবায়িত হলে এখানকার কৃষি ভূমি, শহর ও উপশহরে রূপান্তরিত হবে।

প্রতিকারমূলক ব্যবস্থা

পরিবেশ সংরক্ষণ বিধানমালায় যে কোন উন্নয়নমূলক কাজে উর্বর কৃষিজমি ব্যবহার করা থেকে বিরত থাকার কথা বলা হয়েছে। এটা করা হয়েছে ভূমিকে আরো বেশি লাভজনকভাবে ব্যবহার করার জন্য। এজন্য উর্বর ভূমি অকৃষি কাজে ব্যবহার করা থেকে বিরত থাকতে হবে। শহর সম্প্রসারণ এবং জমি অধিগ্রহণ অবশ্যই শহরের জনসংখ্যা বৃদ্ধির হারের উপর নির্ভর করে করতে হবে। সিলেট সিটি কর্পোরেশনকে অবশ্যই আগামী ২০ বছরের জনসংখ্যা বৃদ্ধির হার এবং শহরের সেবা সুবিধা প্রদানের কথা বিবেচনা করে সম্প্রসারিত শহরের সীমানা নির্ধারণ করতে হবে। স্ট্রাকচার প্ল্যানের অবশিষ্ট এলাকা সিটি কর্পোরেশন এলাকার বাইরে রাখতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন এবং পরিবেশ অধিদপ্তর ।

৭.১.৩ সামাজিক পরিবেশ (Social Environment)

ক. জনসংখ্যা

২০০১ সাল পর্যন্ত এই এলাকার জনসংখ্যার পরিমাণ প্রায় ৩.৩৫ লক্ষ। এই প্রকল্পটি বাস্তবায়িত হলে জনসংখ্যার পরিমাণ বে
২৮.৭৪ লক্ষ হবে। কেননা সাধারণ নিয়মেই জনসংখ্যা বৃদ্ধি পাবে এবং শহরের বর্ধিতাংশে অন্যান্য এলাকা থেকে মানুষের আ
হবে। সে কারণেই এই প্রকল্পটি নতুন আবাসস্থল গড়ে তুলতে প্রভাবিত করবে ।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. পর্যাপ্ত সুবিধাসহ পরিকল্পিত আবাসন এলাকা গড়ে তুলতে হবে।
২. সাশ্রয়ী এবং আরামপ্রদ যানবাহন সুবিধার ব্যবস্থা করতে হবে।
৩. সঠিক সুবিধাসহ মানসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠান এর ব্যবস্থা করতে হবে।
৪. চাকরির সুযোগ বৃদ্ধির জন্য বিনিয়োগ সুবিধা দিতে হবে।
৫. জনসাধারনের স্বাস্থ্যের সুব্যবস্থার জন্য হাসপাতাল, ক্লিনিকের ব্যবস্থা করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বিআরটিএ, শিক্ষা মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তর।

খ. শিক্ষার হার

বর্তমানে শহরের সার্বিক শিক্ষার হার ৬৮.৭৩% (৭ বছর এবং তার উর্ধ্বে), যেখানে ২০০১ সালের আদমশুমারী অনুযা
শিক্ষার হার গড়ে ৪৫.৩%। শহর এলাকাতে পুরুষ শিক্ষিতের হার ৭২.৪৫%, মহিলা শিক্ষিতের হার ৬৫.৭৬%।
পরিকল্পনার সম্প্রসারিত এলাকায় এই শিক্ষার হারের পরিমাণ যথাক্রমে ৬৬%, ৭১.৪৫% এবং ৫৮.৩৩%। এই পরিকল্প
বায়িত হলে সম্প্রসারিত এলাকায় শিক্ষিতের হার আরো বৃদ্ধি পাবে। কেননা সেখানে আরও নতুন শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠ
মহিলা শিক্ষিতের হার আরো বৃদ্ধি পাবে কেননা সমাজকে আধুনিকীকরণ করার জন্য মহিলা শিক্ষাকে উদ্বুদ্ধ করা হবে ।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. সম্প্রসারিত এলাকায় নতুন স্কুল, কলেজ, মাদ্রাসা স্থাপন করতে হবে।
২. গরীব শিশু, হকার, রাস্তার কর্মজীবী ছেলে এবং অশিক্ষিত মানুষদের জন্য নৈশ বিদ্যালয় স্থাপন করতে হবে ।
৩. প্রাথমিক, মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ পর্যায়ে সরকারের বৃত্তি সুবিধা গ্রহণ করে শিক্ষা প্রসারের জন্য মানুষকে উদ্বু
ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪. এনজিও এর মাধ্যমে গরীব মানুষদের জন্য কার্যকরী অপ্রাতিষ্ঠানিক শিক্ষার ব্যবস্থা করতে হবে ।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, থানা ও জেলা শিক্ষা অফিস, এনজিও।

গ. মহিলা উন্নয়ন

শহরের শিক্ষিত মহিলারা তাদের অধিকার ও সমাজে তাদের ভূমিকা সম্পর্কে সচেতন। তারা সাধারণত গৃহিণী, আবার
বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং সরকারি ও বেসরকারি অফিসে চাকরি করে। স্ট্রাকচার প্ল্যানের সম্প্রসারিত এলাকার মহিলারা স
গৃহিণী এবং তারা বেশির ভাগ সময়ই ঘরের কাজে ব্যস্ত থাকেন। এই পরিকল্পনা বাস্তবায়িত হলে মহিলাদের সামাজিক ম
পাবে। কেননা তখন শিক্ষা, চাকুরি, ক্ষুদ্র ব্যবসা, হাতের কাজ ইত্যাদিতে তাদের অংশ গ্রহণ বৃদ্ধি পাবে, পাশাপাশি নগরায়
বিভিন্ন ক্ষেত্রে তাদের সামাজিক সচেতনতাও বৃদ্ধি পাবে ।

প্রস্তাবনামূলক ব্যবস্থা

১. নারী শিক্ষার প্রসার ঘটাতে হবে।
২. হাতের কাজ, সেলাই এবং গার্মেন্টস এর কাজের ক্ষেত্রে মহিলাদের প্রশিক্ষণ দিতে হবে।
৩. মহিলাদের কর্মসংস্থানের প্রতি গুরুত্বারোপ করতে হবে।
৪. সামাজিক সচেতনতা বৃদ্ধি করতে হবে, সমাজে মহিলাদের ভূমিকা সম্পর্কে সচেতন করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা প্রশাসন, যুব উন্নয়ন অধিদপ্তর এবং এনজিও।

ঙ. বিদ্যুৎ

স্ট্রাকচার প্ল্যানের আওতাধীন বেশির ভাগ শহর এলাকায় বিদ্যুতের ব্যবস্থা রয়েছে। এই প্রকল্পটি বাস্তবায়িত হলে মানুষ অধিক পরিমাণে বিদ্যুৎ সুবিধা ভোগ করতে পারবে। যে কোন ধরণের শহরের উন্নয়নের জন্য বিদ্যুৎ সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান।

প্রস্তাবনামূলক ব্যবস্থা

১. নতুন বৈদ্যুতিক পাওয়ার স্টেশন তৈরি করতে হবে যেন কৃষি, শিল্প এবং মানুষের বর্ধিত দৈনন্দিন চাহিদা মেটানোর জন্য আরো বেশি বিদ্যুৎ সরবরাহ করা যায়।
২. মাস্টার প্ল্যান এলাকাতে পর্যাপ্ত ট্রান্সমিশন লাইন নির্মাণ করতে হবে যেন বিদ্যুৎ সরবরাহ সহজলভ্য হয়।
৩. সিলেট শহরের বৈদ্যুতিক ট্রান্সমিশন লাইনের সাথে জাতীয় লাইনের সংযোগ স্থাপন করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, পিডিবি, পিজিসিবি।

চ. টেলিফোন

স্ট্রাকচার এলাকাতে বিটিসিএল এর মোট ২৬১৭৮ টি লাইন আছে। যদিও এই এলাকার চাহিদা ৩৬২৭২ টি। বিটিসিএল ছাড়া আরো অনেক প্রাইভেট টেলিফোন কোম্পানি সিলেটে বিভিন্ন ধরনের টেলিফোন সংযোগ দিচ্ছে। এই প্ল্যান বাস্তবায়িত হলে স্ট্রাকচার প্ল্যানের সম্প্রসারিত এলাকাতেও টেলিফোন সুবিধা বৃদ্ধি পাবে।

প্রস্তাবনামূলক ব্যবস্থা

১. অধিক লাইন সম্বলিত টেলিফোন এক্সচেঞ্জ স্থাপনের ব্যবস্থা করতে হবে যেন মানুষ সহজেই ল্যান্ড ফোন এর সংযোগ পায়।
২. মোবাইল ফোন কোম্পানিগুলোকে নতুন মেট্রোপলিটন এলাকাতেও তাদের সার্ভিস সম্প্রসারণ করার জন্য উদ্বুদ্ধ করতে হবে।
৩. মোবাইল ফোনের প্রাথমিক খরচ এবং ব্যবস্থাপনা ব্যয় হ্রাস করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, বিটিসিএল, মোবাইল ও পিএসটিএন ফোন কোম্পানি।

ছ. স্বাস্থ্য সুবিধা

শহর এলাকায় অনেক ভাল স্বাস্থ্য সুবিধা রয়েছে কারণ, এখানে সরকারী মেডিকেল কলেজ হাসপাতাল, প্রাইভেট মেডিকেল কলেজ এবং হাসপাতাল এবং বেশ কিছু ক্লিনিক এবং ডায়গনোষ্টিক সেন্টার বিদ্যমান। শহরের উন্নত স্বাস্থ্য সুবিধার জন্য শহরের আশে পাশের মানুষজন শহরে আসে। অনেক সময় শহরের আশে পাশের দরিদ্র মানুষ ছোটোখাটো রোগের জন্য নির্ভর করে সরকারী ক্লিনিক এবং হাতুড়ে ডাক্তারদের উপর। ইউনিয়ন পরিষদের মানুষজন আরো উন্নত চিকিৎসা ব্যবস্থার আশা করে। এই প্রকল্প বাস্তবায়িত হলে এখানকার ইউনিয়ন পরিষদগুলোতে আধুনিক চিকিৎসা সুবিধা পাওয়া যাবে। কারণ তখন সরকারি ও বেসরকারী

উদ্যোগে অনেক নতুন ক্লিনিক, হাসপাতাল, ডায়গনোস্টিক সেন্টার প্রতিষ্ঠিত হবে। যাতায়াত ব্যবস্থা উন্নত হলে আশা করা যায় শহরের চিকিৎসকরা প্রতিদিন গ্রামে যাবেন, বর্তমানে তারা সপ্তাহে ২ থেকে ৩ বার তারা গ্রামে যান।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. সরকারী এবং বেসরকারী উভয় উদ্যোগেই নতুন মেট্রোপলিটন এলাকাতে পর্যাপ্ত সুবিধাসহ নতুন ক্লিনিক, হাসপাতাল, ডায়াগনোস্টিক সেন্টার স্থাপন করতে হবে।
২. নতুন স্থাপিত ক্লিনিক এবং হাসপাতাল গুলোতে প্রশিক্ষণপ্রাপ্ত ডাক্তার, নার্স এবং টেকনিশিয়ান-এর ব্যবস্থা করতে হবে।
৩. চিকিৎসকরা যেন সহজে গ্রামে যাতায়াত করতে পারে এবং সহজেই যেন মেডিকেল সুবিধা গ্রহণ করা যায় সেজন্য যাতায়াত ব্যবস্থার উন্নয়ন করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, স্বাস্থ্য মন্ত্রণালয় এবং পরিবহণ মন্ত্রণালয়।

ছ. মনুষ্য রোগ

প্রকল্প এলাকাতে ডায়েরিয়া, ওয়ার্ম ইনফেকশন, পেপটিক আলসার, একিউট রেসপিরেটরি ইনফেকশন, চর্ম রোগ এবং অ্যানেমিয়া প্রভৃতি রোগসমূহ অনেক বেশি দেখা যায়। পরিবেশ ভালো থাকলে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ ব্যবস্থা, ভালো পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, জীবাণুমুক্ত আবাসন ব্যবস্থা এবং উন্নত খাদ্য ব্যবস্থা বৃদ্ধি পাবে। অন্য দিকে আয়ের পরিমাণ বৃদ্ধি পেলে উন্নত খাবার গ্রহণের ফলে ডায়রিয়া, ওয়ার্ম ইনফেকশন, চর্মরোগ এবং অ্যানেমিয়া জাতীয় রোগসমূহ থেকে মুক্ত থাকা যায়। অন্যদিকে রেসপিরেটরি রোগসমূহ, কার্ডিয়াক অ্যারেস্ট এবং ব্লাড প্রেসার রোগসমূহ বৃদ্ধি পাওয়ার অন্যতম কারণগুলো হচ্ছে মোটরযান, শিল্পকারখানা এবং ইটের ভাটার ধোঁয়া।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা, উন্নত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা এবং জীবাণুমুক্ত আবাসনের ব্যবস্থা করতে হবে।
২. উন্নত কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে যেন মানুষের আয় বৃদ্ধি পায় এবং মানুষজন উন্নত খাবার খেতে পারে।
৩. মোটরযান, শিল্পকারখানার ধোঁয়া নির্গমণ বন্ধ করতে হবে যেন বায়ু দূষণ না হয়।
৪. ইট ভাটাসমূহ শহর থেকে দূরে স্থাপন করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, স্বাস্থ্য মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, ডিপিএইচই, শ্রম মন্ত্রণালয়।

জ. পয়ঃনিষ্কাশন

পয়ঃনিষ্কাশন ব্যবস্থা এই এলাকাতে তেমন উন্নত নয়। সিটি কর্পোরেশনের বাইরের অংশের তুলনায় সিটি কর্পোরেশন এলাকায় স্যানিটেশন কভারেজ তুলনামূলকভাবে ভালো। ডিপিএইচই এর তথ্যানুযায়ী, সিলেট শহরের বেশির ভাগ বাড়িঘরের সেপটিক ট্যাংকের সাথে নিকটবর্তী পুকুর/নালার বেআইন সংযোজন রয়েছে। এই পরিকল্পনা বাস্তবায়িত হলে, এই এলাকার পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নত হবে। কারণ তখন ভূ-গর্ভস্থ স্যুয়ারেজ লাইন স্থাপিত হবে এবং কাঁচা এবং ঝুলন্ত ল্যাট্রিন ব্যবহারের উপর কঠোর নীতিমালা প্রণীত হবে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. সিটি কর্পোরেশন এলাকাতে স্বাস্থ্য এবং পরিবেশের কথা চিন্তা করে উন্নতমানের ভূ-গর্ভস্থ স্যুয়ারেজ ব্যবস্থা তৈরি করতে হবে। জনসংখ্যা বৃদ্ধির ফলে এবং অধিক স্থাপনা নির্মাণের সাথে সাথে সেপটিক ট্যাংক এবং পিটগুলো ভর্তি হয়ে আসছে এবং এই কারণে শহরের আবহাওয়া ও স্বাস্থ্য সম্পর্কিত অনিশ্চয়তা বৃদ্ধি পাবে। বর্জ্য পরিশোধন ক্ষেত্র থেকে ভূ-গর্ভস্থ স্যুয়ারেজ ব্যবস্থা কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত হয়। এই কারণে পরিবেশ দূষিত হবার সুযোগ অনেক কম থাকে।

২. যদি ভূ-গর্ভস্থ স্যুয়ারেজ ব্যবস্থা অর্থনৈতিকভাবে লাভজনক না হয় তাহলে প্রতিটি বাড়িঘরে যেন সেপটিক ট্যাংক সহ স্যানিটারি ল্যাট্রিন থাকে সেই ব্যবস্থা করতে হবে। স্টোর্ম স্যুয়ের বা পার্শ্ববর্তী পুকুরের সঙ্গে কোন বাড়িঘরের ল্যাট্রিনের অবৈধ সংযোগ দেয়া যাবেনা ।
৩. ধনীদের জন্য সেপটিক ট্যাংক সহ পাকা ল্যাট্রিন এবং গরীবদের জন্য সেমি পাকা ওয়াটার সিল্ড ল্যাট্রিনের ব্যবস্থা করতে হবে। পর্যাপ্ত পরিমাণে গণশৌচাগারের ব্যবস্থা করতে হবে।
৪. পুকুর, ছড়া, হাওড় এবং নদীর পাড়ে যেন কোন প্রকারের কাঁচা বা ঝুলানো ল্যাট্রিন না থাকে সেজন্য কঠোর ব্যবস্থা নিতে হবে।
৫. স্যানিটেশন সেক্টরে এনজিওদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
৬. উন্মুক্ত স্থানে পয়ঃনিষ্কাশন, কাঁচা, ঝুলন্ত বাকেট ল্যাট্রিন ব্যবহারের অপকারিতা সম্পর্কে জনগণকে অবহিত করতে হবে এবং জীবানুমুক্ত পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উপকারিতা জানাতে হবে।
৭. ভূ-গর্ভস্থ স্যুয়ারেজ ব্যবস্থা নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয়ভাবে ট্রিটমেন্ট প্ল্যান্ট এর ব্যবস্থা করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, ডিপিএইচই, এলজিইডি এবং এনজিও।

৪. কঠিন বর্জ্য

সিলেট শহরে প্রতিদিন ১৮০ টন আবর্জনা উৎপাদিত হয়। শহর সম্প্রসারিত হলে এবং নতুন লোকালয় গড়ে উঠলে এর পরিমাণ আরো বৃদ্ধি পাবে। ফলে এই বর্জ্য ব্যবস্থাপনা সিলেট শহরের জন্য ভবিষ্যতে অনেক বড় সমস্যার সৃষ্টি করবে। বর্তমানে সিটি কর্পোরেশন উন্মুক্তভাবে বায়োডিগ্রেডেবল ও নন-বায়োডিগ্রেডেবল উভয় প্রকার বর্জ্যই সংগ্রহ এবং পরিবহণ করছে, যা লালমাটিয়া ল্যান্ডফিল এলাকায় এবং বিভিন্ন রাস্তার নিচু জমিতে ফেলা হয়। এই ল্যান্ডফিল সাইট থেকে প্রবাহিত তরল বর্জ্য ভূ-গর্ভস্থ পানিকে দূষিত করতে পারে যা পরবর্তীতে এই এলাকার জন্য অনেক বড় স্বাস্থ্য হুমকি হয়ে দাঁড়াবে। অনেক মানুষ এই সকল ল্যান্ডফিল থেকে কমপোস্ট সংগ্রহ করে। এই কমপোস্ট কৃষিজমিতে ব্যবহৃত হয় যা স্বাস্থ্য এবং পরিবেশের জন্য ক্ষতিকর। কারণ এগুলোতে অধিক পরিমাণে বিষাক্ত পদার্থ যেমন-লেড ক্যাডমিয়াম, মার্কারী, নিকেল, ক্রোমিয়াম প্রভৃতি থাকে যা মনুষ্য স্বাস্থ্যের জন্য খুব ক্ষতিকর। এই সকল পদার্থ ফুড চেইন এবং সরাসরি খাদ্যশস্যতে প্রবেশ করতে পারে। শহরের সীমানা বর্ধিত হলে শহর এবং তার আশে পাশে কঠিন বর্জ্য থেকে উদ্ভূত পরিবেশগত সমস্যার পরিমাণ বৃদ্ধি পাবে ।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. পয়েন্ট সেপারেশন ব্যবস্থার মাধ্যমে কমপোষ্ট তৈরীর জন্য বর্জ্য পৃথক করা স্বাস্থ্যসম্মত । এই পৃথকীকরণ ব্যবস্থা বাড়িঘরে, বাজারে, মার্কেটে করা সম্ভব। সিটি কর্পোরেশন এনজিওদের সহযোগিতায় শহরের নাগরিক, দোকানদার, সব্জি বিক্রেতাদের পচনশীল বর্জ্য (যেমন, ধান, মাছ-মাংসের উচ্ছিষ্ট, শাকসব্জি, তরকারি, ফলমূল, পাতা, গোবর ইত্যাদি) এবং প্লাষ্টিক, পলিথিন, লোহা, তামা, কাঁচ, সিরামিক, রাবিশ ইত্যাদি পৃথকভাবে ডাষ্টবিনে ফেলার ব্যবস্থা করতে পারে। অতঃপর এই আবর্জনা পৃথকভাবে সংগ্রহ এবং স্যানিটারি ল্যান্ডফিলে ডাম্প করতে পারবে। পচনশীল বর্জ্য ৫৪-৬০ দিনের মধ্যে ভালো কমপোষ্টে পরিণত হবে যা পরবর্তীতে সিটি কর্পোরেশন কৃষকদের কাছে বিক্রি করতে পারবে। অপচনশীল বর্জ্য সংগ্রহের জন্য সিটি কর্পোরেশন জায়গা লিজ দিতে পারে। বেসরকারী প্রতিষ্ঠান বাণিজ্যিক ভিত্তিতে এগুলো (যেমন-প্লাষ্টিক, স্টিল, লোহা) সংগ্রহ করে বাজারজাত করতে পারে। বাংলাদেশে এগুলোর খুব ভালো বাজার চাহিদা রয়েছে।
২. পুরানো উন্মুক্ত ডাম্পিং জায়গাগুলো অতি দ্রুত মাটি এবং বালি দিয়ে ঢেকে দিতে হবে।
৩. পুরানো ডাম্পিং জায়গা থেকে কমপোষ্ট সংগ্রহ করে বিক্রি করা থেকে বিরত রাখতে হবে। এগুলো স্বাস্থ্য এবং পরিবেশের জন্য হুমকি।
৪. বাইপাস সড়কের পাশে আবর্জনা ফেলা অতি শীঘ্রই বন্ধ করতে হবে।
৫. একটা নতুন ল্যান্ডফিল এলাকা প্রয়োজন। এটা সিলেট জাফলং বাইপাস সড়কের নিকটবর্তী কোন এলাকায় নির্মাণ করা যেতে পারে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, পরিবেশ সম্পর্কিত বিজ্ঞান বিভাগ, এসইউএসটি এবং এনজিও।

ঞ. পানি সরবরাহ ব্যবস্থা

সিলেট সিটি কর্পোরেশন প্রতিদিনের পানি সরবরাহের ক্ষমতা সর্বোচ্চ ২১,০০০ ঘন মি: যেখানে জনগণের চাহিদা ৪৮,০০০ ঘন কিন্তু বর্তমানে প্রতিদিন সিটি কর্পোরেশন প্রকৃতপক্ষে ১৬,০০০ থেকে ১৮,০০০ ঘন মি: পানি সরবরাহ করছে । এই পানি সর মূলত ব্যাঘাত ঘটে পাওয়ার বিদ্যুৎ সরবরাহ না থাকার কারণে। প্রতিদিন ৮ থেকে ১০ বারের মত লোড শেডিং হয় এবং বিশেষ পিক সময়ে তা বেশি হয়। সিটি কর্পোরেশনের বর্তমানে ১০,০০০ গ্রাহক রয়েছে। সিটি কর্পোরেশন শহরের মাত্র ৪০% চাহিদা মেটাতে পারে। বাকী ৬০% গ্রাহক টিউবওয়েল, পুকুর এবং নদীর পানির মাধ্যমে নিজেদের চাহিদা মেটায় সম্প্রসারণের সাথে সাথে পানির চাহিদা আরো বৃদ্ধি পাবে। সে কারণে, আরো অনেক নতুন কূয়া এবং পানি সরবরাহ ব সংযোজন দরকার। এখনি ব্যবস্থা না নিলে শহরের আয়তন বৃদ্ধি পেলে ভয়াবহ খাবার পানির সংকট দেখা দিতে পারে কর্পোরেশন এলাকার প্রায় ৬২% মানুষ এখন টিউবওয়েলের উপর নির্ভরশীল। এখানে প্রায় ৩৭৫০টি টিউবওয়েল আছে। এই টিউবওয়েল-এর বেশির ভাগই সিটি কর্পোরেশন এর তালিকা বহির্ভূত যা প্রধানত ব্যক্তিগত উদ্যোগে স্থাপিত হয়েছে। শুষ্ক (ফেব্রুয়ারী-মে) স্ট্রাকচার প্ল্যান আওতায় অবস্থিত গ্রাম ও উপশহরের অনেক এলাকা ভয়াবহ পানির অভাব থাকে। এই সময় ভাগ টিউবওয়েলই অকার্যকর থাকে। বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করা সিটি কর্পোরেশনের জন্য ভবিষ্যতে একটা গুরুতর হচ্ছে ।

প্রতিকারমূলক ব্যবস্থা

সুরমা নদীর পানি খুব সহজে সিলেট শহরে সরবরাহ করা যায় যদি তা সম্পূর্নরূপে পরিশোধন করা যায়। পিএইচ (PH) (DO) এবং কলিফর্ম ব্যাকটেরিয়া বাংলাদেশ ষ্ট্যান্ডার্ড ফর সারফেস ওয়াটার ফর ওয়াটার সাপ্লাই থ্রু ট্রিটমেন্ট এর গ্রহণযোগ্য মধ্যে রাখতে হবে। কলিফর্ম ব্যাকটেরিয়ার বিস্তৃতি ৭০-২৫০ (অথবা তার একটু বেশি) যা ষ্ট্যান্ডার্ড সীমা ৫০০০ থেকে কম এর পরিমাণ ৭-৮ মি.গ্রাম/লিটার, যা অত্যন্ত সন্তোষজনক। তাই পরীক্ষা করা হলে BOD খুব কম থাকার কথা এবং তা সীমার মধ্যে থাকার কথা। সুরমা নদীর পানি সরবরাহ করতে হলে উজানের দিকে ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ করা উচিত। কারণ, দিকের পানি দূষিত হচ্ছে ড্রেনের নোংরা পানির জন্য যা প্রবাহিত হয় মাংলী এবং বীন কোরা ড্রেন থেকে, সুয়ারেজ বর্জ্য মানুষের বর্জ্যের মাধ্যমে। এগুলো মূলত: কাঁচা, ঝুলন্ত ল্যাট্রিন এবং উন্মুক্ত স্থানে মল ত্যাগের কারণে হয়। এগুলো সাধারণত নদীর তীরবর্তী বস্তি এলাকাগুলো থেকে আসে। এছাড়াও গৃহস্থালির আবর্জনা যেখানে সেখানে ফেলার কারণেও পানি দূষিত ট্রিটমেন্ট প্ল্যান্ট এমন এক জায়গায় স্থাপন করা প্রয়োজন যেখানে নদী ভাঙ্গন বা নদীর বাঁধ সারানো খুব কম প্রয়োজন হয়। নদীর বাঁধ সারানো এবং নদীর মরফোলজি বিশেষভাবে লক্ষ্য রাখা প্রয়োজন।

১. যদি সুরমা নদীর পানি ব্যবহার অর্থনৈতিকভাবে লাভজনক হয়, তাহলে এর পাশে অনেক বেশী পরিমাণে টিউবওয়েল করা যেতে পারে যাতে অতি সহজে ভূ-গর্ভস্থ পানি ব্যবহার করা যায়।
২. পানি সরবরাহ ব্যবস্থার মেরামত ও পর্যবেক্ষণের কাজ পাক্ষিকভাবে করা উচিত।
৩. পানি সরবরাহ সংযোগ ফি বৃদ্ধি করা উচিত।
৪. বেশি পরিমাণে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপন করা উচিত যেন ভূ-গর্ভস্থ পানির কাঠিন্য, ম্যাঙ্গানিজ, লোহা, আর্সেনিক দূর হয়।
৫. ডিপিএইচই এর পানি সরবরাহের কাজ পর্যবেক্ষণ করা উচিত।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, ডিপিএইচই, ইউনিয়ন পরিষদ এবং এনজিও।

সামাজিক বনায়ন

সিলেট জেলা সবুজ অভয়ারণ্যের জন্য বিখ্যাত যা মূলত প্রকৃতির দান। মোট ১১৭ একর জায়গা জুড়ে বন এলাকা রয়েছে যা মোট সিলেট জেলার ০.৫৬%। সামাজিক বনায়ন মূলতঃ বাঁধ, রাস্তা, রেল লাইন, বাড়ির আশেপাশে এবং উঁচু জমিতে দেখা যায়। প্রধান প্রজাতিগুলো হচ্ছে রেইনট্রি, অর্জুন, অ্যাকাসিয়া, মিনিজুম, ওরিকলিফরমিস, কদম, জারুল প্রভৃতি। যদি এই পরিকল্পনা বাস্তবায়িত করা হলে গ্রামাঞ্চলে, পাকা সড়কের পাশে, বাঁধের পাশে এবং উন্মুক্ত স্থানে সরকারি, স্বায়ত্বশাসিত এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রভৃতির উদ্যোগে সামাজিক বনায়ন বৃদ্ধি পাবে ।

প্রতিকারমূলক ব্যবস্থা

1. এলাকাবাসীর অংশগ্রহণ ও সচেতনতা সামাজিক বনায়ন বৃদ্ধি করতে পারে।
2. বর্ষা মৌসুমে গাছ লাগানো বাড়াতে হবে।
3. এলাকাবাসী এবং এনজিও-কে নার্সারী প্রতিষ্ঠার জন্য উদ্বুদ্ধ করতে হবে।
4. এলাকাবাসী, স্কুল, ক্লাব এবং এনজিও এর মাধ্যমে জাতীয় বৃক্ষরোপণ কর্মসূচী সফল করতে হবে।
5. সড়ক এবং বাঁধের পাশে অবৈধভাবে গাছপালা কাটা থেকে বিরত রাখতে কঠোরভাবে আইন প্রণয়ন ও তা প্রয়োগ করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, পানি উন্নয়ন বোর্ড, বন বিভাগ, সিবিও এবং এনজিও।

অর্থনৈতিক পরিবেশ (Economic Environment)

ক. যানজট

অর্থনৈতিক কার্মকাণ্ড বৃদ্ধির কারণে সিলেটে যানজট বৃদ্ধি পাচ্ছে। যানজট বিশেষ বিশেষ জায়গায়, কোন একটা নির্দিষ্ট জংশনে বা কয়েকটি এলাকাতে সৃষ্টি হয়। শহরের আয়তন এবং জনসংখ্যা বৃদ্ধি পেলে সিলেট এবং তার আশেপাশে যানবাহন চলাচল বৃদ্ধি পাবে। এই বর্ধিত জনসংখ্যার চাহিদা পূরণে শহরে রিকশার সংখ্যাও বৃদ্ধি পাবে। রিকশাই ভবিষ্যতে যানজট সৃষ্টির মূল কারণ হয়ে দাঁড়াবে। যে সকল এলাকাতে যানজট সৃষ্টির কারণগুলো নিরীক্ষা করতে হবে সেগুলো হলোঃ

1. হুমায়ূন রশীদ চত্বর ইন্টারসেকশন
2. কিনব্রি বাজার ইন্টারসেকশন
3. জিন্দা বাজার মোড়
4. বন্দর বাজারের কোর্ট পয়েন্ট মোড়
5. নাইওরপুল মোড়
6. তালতলা মোড়
7. আম্বরখানা মোড়
8. চৌহাট্টা মোড়
9. সোবহানিঘাট মোড়

প্রতিকারমূলক ব্যবস্থা

1. শহরের আরো কিছু অংশে বাস সার্ভিস চালু করতে হবে ।
2. নতুন রিকশার লাইসেন্স প্রদান কঠোরভাবে নিয়ন্ত্রণ করতে হবে।
3. বন্দর বাজার থেকে আম্বরখানা পর্যন্ত একমুখী সড়ক করতে হবে ।
4. ট্রাফিক আইন কঠোরভাবে প্রয়োগ করতে হবে ।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, এলজিইডি এবং আরএইচডি।

খ. অগ্নিকান্ড

শহরের আয়তন এবং জনসংখ্যা বৃদ্ধি পেলে শহরের অফিস, প্রতিষ্ঠান, বাজার, মার্কেট এবং শিল্পকারখানার সংখ্যা বৃদ্ধি পাবে অগ্নিকান্ডের সম্ভাবনাও বৃদ্ধি পাবে। বৈদ্যুতিক সর্ট-সার্কিট এর কারণে মূলতঃ শহর এলাকায় অগ্নিকান্ড হয়ে থাকে। মানুষের কারণেও অনেক সময় আগুন লাগে। বস্তি এলাকা এবং শিল্পকারখানায় সবচেয়ে বেশি আগুন লাগে। ভবিষ্যত অগ্নিকান্ড মোক করার জন্য বর্তমানে তালতলা এবং গোটাটিকারে অবস্থিত অগ্নি নির্বাপক স্টেশন দুটি যথেষ্ট নয়।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. বাজারে একটি নতুন ফায়ার স্টেশন স্থাপন করতে হবে।
২. নতুন এবং আধুনিক অগ্নিনির্বাপক যন্ত্র সংগ্রহ করতে হবে।
৩. বাসাবাড়ী ও শিল্পকারখানায় যেন মানুষজন পুরানো বৈদ্যুতিক তার ব্যবহার না করে সেদিকে লক্ষ্য রাখতে হবে।
৪. পাক্ষিক ভিত্তিতে বৈদ্যুতিক তার পর্যবেক্ষণের ব্যবস্থা করতে হবে।
৫. মানুষের মাঝে অগ্নিকান্ড সম্পর্কে সচেতনতা সৃষ্টি করতে হবে।
৬. শিল্পকারখানা, বহুতল ভবন এবং মার্কেটে অগ্নি নির্বাপক যন্ত্রপাতির ব্যবস্থা আছে কিনা তা পর্যবেক্ষণ করতে হবে।
৭. নির্মাণ কাজে (BC) বি.সি বিধি কঠোরভাবে প্রয়োগ করতে হবে।
৮. জরুরী সময়ে যাতে অধিক পরিমাণে পানি সরবরাহ করা যায় সেজন্য বড় ও মাঝারি আকারের পুকুরগুলো সংরক্ষণের করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, পিডিবি, ফায়ার সার্ভিস এবং সিভিল ডিফেন্স।

৭.২ পূর্ণর্বাসন এবং ক্ষতিপূরণ প্রদান

৭.২.১ পুনর্বাসন

পুনর্বাসন যেকোন নগর উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ বিষয়। সিলেট মাস্টার প্ল্যান বাস্তবায়নের জন্য রাস্তা, মার্কেট ও বাজার, প্রতিষ্ঠান, ঘরবাড়ি, শিল্প কারখানা, উন্মুক্ত স্থান, খেলাধূলার মাঠ, পার্ক, লেক প্রভৃতি নির্মাণে প্রচুর জমি অধিগ্রহণের প্রয়োজন সমস্ত জমি প্রায় সম্পূর্ণই ব্যক্তি মালিকানাধীন। মানুষ তাদের পৈত্রিক বসতভিটায় অনেক পূর্ব থেকে বসবাস করছে এবং তারা বসতভিটা ও কৃষিজমি ছাড়তে নারাজ। তাই কর্তৃপক্ষকে অত্যন্ত সাবধানতার সঙ্গে জমি অধিগ্রহণ করতে হবে। বিতর্কিত অধিগ্রহণের সময় কর্তৃপক্ষকে জমির মালিক, এলাকার ওয়ার্ড কমিশনার, চেয়ারম্যান এবং রাজনৈতিক ব্যক্তিদের সাথে আলোচনা উচিত। পর্যাপ্ত পুনর্বাসন ও ক্ষতিপূরণের ব্যবস্থা ছাড়া কাউকে তার বসতভিটা থেকে উচ্ছেদ করা উচিত হবে না। যেহেতু মানুষদের জমির অধিকার নেই, তাই তাদের জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণসহ উপযুক্ত স্থানে পূণর্বাসনের ব্যবস্থা করা উচিত।

৭.২.২ ক্ষতিপূরণ

জমি অধিগ্রহণের ব্যাপারটি এলাকার প্রতিটি মানুষের সাথে আলোচনা ও তাদের অংশগ্রহণের মাধ্যমে করা উচিত। যত সম্ভব তাদেরকে ক্ষতিপূরণের অর্থ দিয়ে দেওয়া উচিত। যদি কেউ এই জমি অধিগ্রহণ প্রক্রিয়ার মাধ্যমে তার কর্মস্থল/ব্যবসা/ উৎস হারায় তাহলে তাকে সঠিকভাবে ক্ষতিপূরণ দিতে হবে। একজন্য ক্ষতিপূরণ নীতিমালা সংশোধনীর প্রয়োজন আছে। যেসব তাদের বসতভিটা হারায় তাদেরকে পর্যাপ্ত ক্ষতিপূরণসহ একটি করে প্লট বরাদ্দের মাধ্যমে পূণর্বাসন করা প্রয়োজন।

৭.৩ মাস্টার প্ল্যান বাস্তবায়নের সময় পরিবেশগত প্রভাব নিরুপন করা

পরিবেশ সংরক্ষণ আইনের (ECA1995) সেকশন ১২ বলা হয়েছে, *"কোন ধরণের শিল্প কারখানা বা প্রকল্প স্থাপন করা যাবে না যদি তিনি ডিরেক্টর জেনারেল, পরিবেশ বিভাগ এর কাছ থেকে পরিবেশ সম্পর্কিত ক্লিয়ারেন্স না দেওয়া হয়।"* পরিবেশ সংরক্ষণ নীতিমালা (ECR1997) তৈরি করা হয়েছে ECA1995 এর ক্লজ নং ২ এর অধীনে। ইআই এ এর প্রয়োজনীয়তা ECR1997 এর বাস্তবায়নের পর দেওয়া হয়। ECA1995 এর আওতায় এগুলো ছিল সর্বপ্রথম পদক্ষেপ। এগুলো পরিবেশ সম্পর্কিত ক্লিয়ারেন্সের জন্য খুবই গুরত্বপূর্ণ। বিভিন্ন ধরনের শিল্পকারখানা তৈরি এবং উন্নয়ন কর্মকান্ডের ভিত্তিতে (সবুজ, কমলা, লাল) এখানে আই.ই.ই/ই.আই.এ করার নির্দেশ আছে। আলোচ্য পরিকল্পনা বাস্তবায়নের সময় পরিবেশ বিষয়ক ক্লিয়ারেন্স নেওয়ার ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তর এর ECR1997 অনুযায়ী করতে হবে। সিটি কর্পোরেশন ইমারতের নক্সা অনুমোদনের দায়িত্ব থাকবে, কিন্তু জমির মালিককে পরিবেশ অধিদপ্তর থেকে পরিবেশ সম্পর্কিত ছাড়পত্র নিজ উদ্যোগে সংগ্রহ করতে হবে।

ক. নগরায়ন

এই পরিকল্পনা বাস্তবায়িত হলে প্রায় ৮৫ বর্গ কিঃ মিঃ স্থান নগরায়নের আওতায় আসবে। এই নগরায়ন প্রক্রিয়া মানুষের জীবনের বিভিন্ন ক্ষেত্রে যেমনঃ যাতায়াত ব্যবস্থা, পয়ঃ নিষ্কাশন, বৈদ্যুতিক ব্যবস্থা, স্বাস্থ্য, শিক্ষা, শিল্প-কারখানা, ব্যবসা এবং সামাজিক কার্যকলাপ প্রভৃতিতে মানুষের আর্থ-সামাজিক অবস্থা ও জীবনযাত্রার মান উন্নয়নে ভূমিকা রাখবে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. যাতায়াত, পয়ঃ নিষ্কাশন, বিদ্যুৎ, স্বাস্থ্য, শিক্ষা, শিল্পায়ন, ব্যবসা, সামাজিক সুবিধা প্রভৃতির সুব্যবস্থার মাধ্যমে মানুষের জীবন যাত্রার মান ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করতে হবে।
২. পর্যাপ্ত ব্যবস্থার মাধ্যমে দূষণমুক্ত পরিবেশ গড়ে তুলতে হবে, যেন বায়ুদূষণ কম হয় এবং গৃহস্থালির আবর্জনা নিষ্কাশন এবং বর্জ্য পানি পরিশোধনের ব্যবস্থা করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, যোগাযোগ, স্বাস্থ্য ও শিক্ষা মন্ত্রণালয়, পিডিবি, ডিপিএইচই এবং পরিবেশ অধিদপ্তর।

খ. শিল্পায়ন

সিলেটে শিল্প খাত তেমন একটা গুরুত্বপূর্ণ সেক্টর নয়। এই প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে এবং সড়ক, ড্রেন, পানি, গ্যাস, বিদ্যুৎ এবং টেলিফোন ইত্যাদির সুবিধা নিয়ে ভবিষ্যতে বিশেষ অর্থনৈতিক জোন গড়ে উঠবে। এগুলোতে বিনিয়োগের জন্য উদ্যোক্তাদের আকৃষ্ট করতে হবে। ফলে ভবিষ্যতে এখানকার শিল্পায়ন ব্যবস্থার উন্নতি হবে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. শিল্প নগরীতে নতুন গ্যাস সংযোগের ব্যবস্থা করতে হবে।
২. ভবিষ্যৎ শিল্প এলাকায় পানি, বিদ্যুৎ, টেলিফোন, ফায়ার সার্ভিস এবং ড্রেনেজ সুবিধার ব্যবস্থা করতে হবে।
৩. কৃষি-শিল্প, গার্মেন্টস, ইলেকট্রনিক্স, আই.টি প্রভৃতির জন্য সহজ শর্তে ঋণ এর ব্যবস্থা করতে হবে।
৪. সিলেট শিল্প এবং বণিক সমিতি (SSBS) এর কর্মকান্ড আরো গতিশীল করতে হবে।
৫. ভবিষ্যৎ শিল্প এলাকায় নতুন বিনিয়োগকারীদের আকৃষ্ট করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
৬. এলাকার ব্যবসায়ীদের ইনসেনটিভ প্রদানের মাধ্যমে শিল্পে বিনিয়োগে উদ্বুদ্ধ করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

এন বি আর, বানিজ্যিক ব্যাংক, সিলেট শিল্প ও বণিক সমিতি।

গ. কর্মসংস্থান

স্বল্প সংখ্যক শিল্পকারখানা থাকার কারণে এই এলাকাতে কর্মসংস্থানের সুযোগ খুব কম। মাত্র ৭% কর্মজীবি শিল্পকারখানায় জড়িত। গড়ে ২০.৩৫% মানুষ সরকারি ও স্বায়ত্তশাসিত চাকুরী (২৭.৮% শহরে এবং ১২.৮% গ্রামে) এবং ০.৮% কারখানার কাজে জড়িত। মোট জনগোষ্ঠির ৪১.৮৮% ব্যবসায়ে নিয়োজিত কারণ এটা এখানকার সবচেয়ে জনপ্রিয় সাব- ২১% এর বেশি মানুষ প্রাইভেট প্রতিষ্ঠানে কর্মরত। সিলেট যেহেতু ডিভিশনাল হেড কোয়ার্টার এবং এখানে একটি সিটি কর্পো আছে, তাই এই শহরে সরকারি চাকরিরও কিছু সংস্থান আছে। এই পরিকল্পনা বাস্তবায়িত হলে শিল্প কারখানার কর্মসংস্থান বৃদ্ধি পাবে। তা সত্ত্বেও, সরকারী চাকুরিজীবির সংখ্যা একই থাকবে অথবা সামান্য বৃদ্ধি পাবে। নতুন হাসপাতাল, স্কুল কলেজ প্রভৃতি স্থাপিত হলে বেসরকারি খাতে চাকুরীর সুবিধা বাড়বে। পর্যটন শিল্পের উন্নয়ন হলে নতুন কর্মসংস্থানে বাড়বে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. সর্বপ্রকার পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, ড্রেন এবং ভালো যাতায়াত ব্যবস্থার মাধ্যমে শিল্প নগরী গড়ে তুলতে হবে।
২. নতুন কর্মসংস্থানের সুবিধার্থে শিল্প এলাকায় নতুন শিল্পকারখানা স্থাপনের ব্যবস্থা করতে হবে।
৩. নতুন নতুন ক্লিনিক, হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান প্রভৃতি স্থাপন করতে হবে যাতে নতুন মেট্রোপলিটন এলাকায় কর্ম বাড়ে।
৪. নতুন কর্মসংস্থানের জন্য পর্যটন শিল্পকে উন্নত করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, বিটিসিএল, ডিপিএইচই, জেটিসিএল, স্বাস্থ্য মন্ত্রনালয়, শিক্ষা মন্ত্রণালয় এবং পর্যটন কর্পোরেশন।

ঘ. ব্যবসা

ব্যবসা এখানকার অর্থনীতির অন্যতম ক্ষেত্র। প্রায় ৩২.২৭% পরিবারের আয়ের উৎস ব্যবসা। সহায়কমূলক আয়ের উৎস ব্যবসায় জড়িতের পরিমাণ প্রায় ৫০%। নগরায়ণ সুবিধা বৃদ্ধির মাধ্যমে নতুন ব্যবসা প্রতিষ্ঠান, মার্কেট, বাজার প্রভৃতি সৃ ব্যবসার ক্ষেত্র আরোও প্রসারিত করতে হবে। এর ফলে ব্যবসায়ী, দোকানদার, পাইকারী বিক্রেতা হিসেবে কর্মসংস্থানের সু পাবে। উন্নত যাতায়াত ব্যবস্থা বাইরের বিনিয়োগকারীদেরকে আকৃষ্ট করবে। আমদানী ও রপ্তানী ক্ষেত্রে বিনিয়োগ হবে সবজি, ফলমূল, হস্তশিল্প এবং কৃষি মালপত্র প্রাধান্য পাবে। নতুন মার্কেট, শপিং মল, রেষ্টুরেন্ট স্থাপনের মাধ্যমে ব্যবসার ক্ষেত্র প্রসারিত হবে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১। নতুন ব্যবসা কেন্দ্র, মার্কেট, বাজার স্থাপন করতে হবে যেন তা ব্যবসা এবং আমদানী রপ্তানীকে উৎসাহিত করে।
২। সাব-আরবান এলাকাতে নিত্য নতুন হস্তশিল্প এবং কৃষি মালপত্র সরবরাহের ব্যবস্থা করতে হবে।
৩। বাংলাদেশের ঢাকা ও বিভিন্ন স্থান থেকে মানুষজন যেন বিনিয়োগের তাগিদে এখানে আসে সেকারণে যাতায়াত ব্যবস্থা উন্নয়ন করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, কৃষি মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, যোগাযোগ মন্ত্রণালয় ও সিলেট চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রীজ।

ঙ. আবাসন প্রকল্প

শাহজালাল উপ-শহর আবাসন প্রকল্প-১ এবং ২ এবং জেলা পরিষদ আবাসন প্রকল্প এই তিনটি আবাসিক প্রকল্প বাস্তবায়নে এখানে পরিকল্পিত আবাসন গড়ে উঠছে। এই প্রকল্পগুলো সব ধরণের ড্রেনেজ, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, খেলার মাঠ, উন্ এবং বিনোদন প্রভৃতি সুযোগ সৃষ্টির মাধ্যমে বাসযোগ্য আবাসন নিশ্চিত করেছে। তবে এটা যথেষ্ট নয়। এই পরিকল্পনা বাস্ত

... পরিকল্পিত নতুন আবাসন নির্মাণের ব্যাপক সুযোগ তৈরী হবে এবং পরিকল্পিত আবাসন এলাকা গড়ে উঠবে। ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নের মাধ্যমে এটা আরো সুবিন্যস্ত হবে। প্রাইভেট হাউজিং প্রকল্প এক্ষেত্রে অবদান রাখতে পারে। ... আবাসন প্রকল্প সিটি কর্পোরেশন এলাকার আওতাভুক্ত হওয়া বাঞ্ছনীয়। এই পরিকল্পনা অবৈধ আবাসন প্রকল্পকে নিয়ন্ত্রণ করবে ... পরিবেশের ভারসাম্য ও সৌন্দর্য্য বজায় থাকে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১। পরিকল্পিত আবাসন ব্যবস্থা গড়ে তুলতে হবে যেখানে যথাযথ পানি সরবরাহ, ড্রেনেজ, বিদ্যুৎ, টেলিফোন, খেলার মাঠ, উন্মুক্ত স্থান এবং বিনোদনের ব্যবস্থা থাকবে।
২। ভূমি ব্যবহার পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে অবৈধ আবাসন প্রকল্প নিয়ন্ত্রণ করতে হবে।

সংশ্লিষ্ট সংস্থা

সিটি কর্পোরেশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, আবাসন নির্মান প্রতিষ্ঠান, ডিপিএইচই, বিপিডিবি।

... বাজার এবং বিপণী কেন্দ্র

... বাজার, জিন্দা বাজার এবং আম্বরখানা শহরের প্রধান ব্যবসা ও শিল্প এলাকা। প্রধান কাঁচা বাজারগুলো হচ্ছে বন্দর বাজার, ..., রিকাবি বাজার, কাজীর বাজার, মীরা বাজার, কাজল শা, মদিনা মার্কেট, শিবগঞ্জ এবং কদমতলী। এ সমস্ত কাঁচা ... মধ্যে আম্বরখানা, বড় বাজার এবং শিবগঞ্জ বাজার পরিকল্পিত উপায়ে গড়ে উঠেছে। বাকী সব বাজার রাস্তার পাশে অপরিকল্পিতভাবে গড়ে উঠেছে, যেগুলো অস্বাস্থ্যকর পরিবেশ এবং যানজট সৃষ্টি করছে। এই পরিকল্পনা বাস্তবায়িত হলে অনেক কাঁচা ..., মার্কেট, শপিং সেন্টার, শপিং মল গড়ে উঠবে যেগুলোর মধ্যে কেনাকাটার অত্যাধুনিক ব্যবস্থা থাকবে। কাঁচা বাজার নতুন ... গড়ে উঠবে অথবা বর্তমান জায়গায় স্বাস্থ্যসম্মত উপায়ে পুন:নির্মাণ করতে হবে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১। স্বাস্থ্যসম্মত বর্জ্য নিষ্কাশন ব্যবস্থাসহ পরিকল্পিতভাবে নতুন মার্কেট ও শপিং মল স্থাপন করতে হবে।
২। বর্তমানের অস্বাস্থ্যকর কাঁচা বাজারকে নতুন স্থানে সরানো অথবা সম্পূর্ণরূপে নতুন স্বাস্থ্যসম্মত বাজার বর্তমান অবস্থানে পুন:নির্মাণ করতে হবে।

সংশ্লিষ্ট সংস্থা

সিলেট সিটি কর্পোরেশন।

... পরিবহন ব্যবস্থা

..., বিমান ও রাস্তার সমন্বয়ে এই অঞ্চলে একটি ভালো পরিবহন ব্যবস্থা গড়ে উঠেছে এবং সিলেট শহরকে বাংলাদেশের অন্যান্য ... সাথে সংযুক্ত করেছে। অধিকাংশ এলাকায় রাস্তার অবস্থা ভালো। তা সত্ত্বেও সিলেট শহরের কিছু কিছু জায়গায় অসহনীয় ... একটি নিত্যদিনের ঘটনা হয়ে দাড়িয়েছে। অনেক যানবাহন পুরানো হয়ে গিয়েছে। শহরের ভিতরে পরিবহন সার্ভিস যথেষ্ট ... শহরের ভিতর ও বাইরের প্রধান বাহন। এই পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থা উন্নত হবে। তখন নতুন ... রাস্তায় নামবে। মানুষের চাহিদা পূরণের লক্ষ্যে শহরের বিভিন্ন সড়কে যাত্রীবাহী বাস ও টেম্পো চলাচল করবে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১। ... যাতায়াত ব্যবস্থার জন্য পুরানো সড়ক প্রশস্তকরণ এবং প্রয়োজনীয় নতুন সড়ক নির্মাণ করতে হবে।
২। ... নতুন বাস ও টেম্পো সার্ভিস চালু করতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, যোগাযোগ মন্ত্রণালয়, বিআরটিএ এবং বিআরটিসি।

জ. পর্যটন

সিলেট অঞ্চলে পর্যটন শিল্পের ভালো সম্ভাবনা রয়েছে। শহরের ভিতরে বাইরে অনেক ঐতিহাসিক ও প্রত্নতাত্ত্বিক নিদর্শন অ… সিলেটের যাতায়াত ব্যবস্থাও ভালো। এই সকল পর্যটন এলাকায় যাতায়াতের জন্য তাই বাইরে থেকে অনেক মানুষ সিলেট শ… আসে। এছাড়া বাংলাদেশের অন্যান্য গুরুত্বপূর্ণ শহরের সাথে সিলেটের সড়ক, রেল ও বিমান যোগাযোগ ব্যবস্থা ভালো থাকায় প… শিল্প বিকাশের যথেষ্ট সম্ভাবনা রয়েছে। এই পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে পর্যটন শিল্পের বিকাশ ঘটানো সম্ভব হবে এবং পাশা… যাতায়াত, আবাসন ও নিরাপত্তা ব্যবস্থার আরও উন্নতি হবে।

প্রতিকারমূলক ব্যবস্থা

১. পর্যটন এলাকায় উন্নত যাতায়াত ব্যবস্থা নির্মাণ করতে হবে।
২. পর্যটকদের আবাসন ব্যবস্থা বাড়াতে হবে এবং সেইসাথে তাদের নিরাপত্তার ব্যবস্থা করতে হবে।
৪. তথ্য অনুসন্ধান বুকলেট ছাপাতে হবে এবং তা হোটেল, মোটেল এবং গেষ্ট হাউসে বিতরণের ব্যবস্থা করতে হবে।
৫. বেসরকারী উদ্যোগে পর্যটন ব্যবস্থার প্রসার ঘটাতে হবে।
৬. প্রচার বাড়াতে হবে, এজন্য পর্যটন গাইড, ভ্রমণ প্যাকেজ, ডে ট্রিপ প্রোগ্রাম, গাড়ির ব্যবস্থা, ফরেন একচেঞ্জ ব্যবস্থা … পর্যটকদের জানাতে হবে।
৭. সুরমা নদীর পাশের পর্যটন এলাকা নতুনভাবে গড়ে তুলতে হবে। সেখানে বসার ব্যবস্থা, আলোর ব্যবস্থা, বাগান, … বোট, নিরাপত্তা ও ব্যবস্থাপনায় বিশেষ ব্যবস্থা নিতে হবে।

দায়িত্বপ্রাপ্ত সংস্থা

সিটি কর্পোরেশন, পর্যটন কর্পোরেশন এবং পানি উন্নয়ন বোর্ড।

অষ্টম অধ্যায়

পরিকল্পনা বাস্তবায়ন

অষ্টম অধ্যায়
পরিকল্পনা বাস্তবায়ন

[illegible] পরিকল্পনার সংরক্ষক

[illegible] পরিকল্পনায় ভৌত, সামাজিক, অর্থনৈতিক ইত্যাদি বহু বিষয় জড়িত রয়েছে। স্বভাবতই এর বাস্তবায়নের সঙ্গে অনেক [illegible] এবং স্টেকহোল্ডার জড়িত থাকবে। তবে সিলেট সিটি কর্পোরেশনের মাধ্যমেই এই পরিকল্পনার বৃহদাংশ বাস্তবায়িত হবে। [illegible] যতক্ষণ না একটি উন্নয়ন সংস্থা গঠিত হচ্ছে ততক্ষণ সিলেট সিটি কর্পোরেশনই হবে এই পরিকল্পনার মূল সংরক্ষক এবং [illegible] সংস্থা। যেহেতু পরিকল্পনার প্রস্তাবগুলি বাস্তবায়ন যথেষ্ট সময়সাপেক্ষ তাই পরিকল্পনা অনুমোদনের পর পরই এর [illegible] উদ্যোগী হতে হবে। যেহেতু সিটি কর্পোরেশনই হবে এই পরিকল্পনার সংরক্ষক তাই তাকেই নিয়মিতভাবে পরিকল্পনার [illegible] মনিটরিং করতে হবে। কার্যকর বাস্তবায়নের জন্য মনিটরিং এর কোন বিকল্প নেই। যথাযথ বাস্তায়নের আরেকটি উপায় [illegible] পরিকল্পনা কমিশনকে সার্বক্ষণিক নজর রাখতে হবে যাতে এই পরিকল্পনাকে পাশ কাটিয়ে কোন প্রকল্প গ্রহণ বা অনুমোদন না [illegible] হয়।

[illegible] পরিকল্পনা সংশোধন

[illegible] পরিকল্পনা প্যাকেজের আওতায় প্রণীত স্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান এবং ডিটেইল্ড এরিয়া প্ল্যান এর যে কোন [illegible] পৌর পরিষদ কর্তৃক অনুমোদিত হতে হবে।

[illegible] সাময়িক পর্যালোচনা এবং আধুনিকায়ন

[illegible] ৪র্থ বৎসরে সমগ্র পরিকল্পনা প্যাকেজ পর্যালোচনা ও আধুনিকায়ন করতে হবে। ৫ম বৎসর থেকে আধুনিকায়িত [illegible] বাস্তবায়িত হবে। পর্যালোচনার উদ্দেশ্য হবে, পরিকল্পনা বাস্তবায়নের অবস্থা নিরুপণ করা, পরিবর্তনশীল নগরায়ন, [illegible] উন্নয়ন পর্যালোচনা, সরকারী-বেসরকারী উন্নয়ন ধারা এবং নগরায়নের গতি ও দিক পর্যালোচনা করা। স্ট্রাকচার প্ল্যান [illegible] অধীনে নিম্নবর্ণিত সময়ে দুটি পর্যালোচনা এবং আধুনিকায়ন সম্পন্ন করতে হবে:

১ম পর্যালোচনা এবং আধুনিকায়ন: ২০১৪
২য় পর্যালোচনা এবং আধুনিকায়ন: ২০১৯

[illegible] মাস্টার প্ল্যান বাস্তবায়ন

[illegible] অংশে 'মাস্টার প্ল্যান' শব্দটি ব্যবহার করা হয়েছে আইনের শর্ত পূরণের জন্য। কারণ পৌরসভা/সিটি কর্পোরেশন অর্ডিন্যান্স [illegible] এ সিটি কর্পোরেশনের জন্য 'মাস্টার প্ল্যান' তৈরীর কথা বলা হয়েছে, যদিও মাস্টার প্ল্যানের কোন নির্দিষ্ট সজ্ঞা বা বিবরণ [illegible] দেয়া হয় নাই। এখানে 'স্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান ও ডিটেইল্ড এরিয়া প্ল্যানের সমন্বয়ে প্রণীত সমগ্র প্ল্যান [illegible] 'মাস্টার প্ল্যান' নামে অভিহিত করা হয়েছে। এই অংশে 'মাস্টার প্ল্যান' এর অধীনে উন্নয়ন কার্যক্রম গ্রহণ সম্পর্কে [illegible] প্রদান করা হলো।

[illegible] কার্যক্রম গ্রহণ বিষয়ক সুপারিশ

[illegible] বিষয়কে সামনে রেখে প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন অগ্রাধিকার নির্ধারণ করা হয়েছে- প্রথমত, সমস্যার গুরুত্ব বিবেচনা করে এবং [illegible], ভবিষ্যৎ নগরায়নের প্রেক্ষিতে প্রকল্পের সঠিক অবস্থান নির্ধারণ করে। বর্তমান শহর এলাকায় কিছু উন্নয়ন প্রকল্প হবে যা [illegible] ভিত্তিতে বিভাজন হবে। তবে সমগ্র শহরব্যাপী কিছু সমস্যা আছে যা কার্যক্রম গ্রহণকালে বিশেষ বিবেচনার দাবী রাখে। যেমন [illegible] একটি গুরুতর সমস্যা যা শহরজুড়ে বিস্তৃত। এর কোন সাময়িক সমাধান নেই। সুশাসন প্রতিষ্ঠার অংশ হিসাবে শহরের সব [illegible] কর্পোরেশনের পরিষদে আলোচিত হওয়া উচিত।

[illegible] কার্যক্রমের অর্থ-ব্যয় (Outlay) সম্পর্কে পরামর্শ

[illegible] অর্থ-ব্যয় সম্পর্কে বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের ধারণা থাকা উচিত। এর ফলে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা তহবিল সংগ্রহের [illegible] চালাতে জন্য যথেষ্ট সময় পাবে। পরবর্তীতে প্রকল্প গ্রহণের সময় সংশ্লিষ্ট সংস্থা প্রকৃত হারের ভিত্তিতে প্রাক্কলিত ব্যয় নির্দিষ্ট

করে বিস্তারিত প্রকল্প প্রণয়ন করবে। প্রকল্প আউটলে সম্পর্কে বিস্তারিত সুপারিশ দ্বিতীয় খন্ডের দ্বিতীয় অধ্যায়ে প্রদান করা [illegible] এই প্রকল্পগুলো ১ম পর্যায়ে বাস্তবায়িত হবে।

৮.৫ নির্মাণ নিয়ন্ত্রণ

৮.৫.১ মাস্টার প্ল্যানের পরিপন্থী নির্মাণে নিষেধাজ্ঞা

কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অনুমোদিত মাস্টার প্ল্যান এর ভূমি ব্যবহার জোনিং পরিপন্থী কোন নির্মাণ করতে পারবেন না। [illegible] প্ল্যান এলাকার আওতায় ভবিষ্যতের সকল নির্মাণকাজ মাস্টার প্ল্যান অনুযায়ী হতে হবে। যদি মাস্টার প্ল্যান পরিপন্থী কোন [illegible] কাজ আইনানুগভাবে কর্তৃপক্ষ কর্তৃক ধ্বংশ করা হয় তবে তার জন্য ইমারতের মালিক কোন ক্ষতি পূরণের দাবিদার হবেন না।

৮.৫.২ প্রস্তাবিত নির্মাণকাজ অনুমোদন

স্ট্রাকচার প্ল্যান এলাকায় নির্মাণ নিয়ন্ত্রণ মাস্টার প্ল্যান বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ অংশ। এই পরিকল্পনা অনুমোদন হ[illegible] স্ট্রাকচার প্ল্যান এলাকায় সকল নির্মাণ কাজ ইমারত নির্মাণ আইন ১৯৫২ এর ধারা ১৮ অনুযায়ী প্রণীত ইমারত নির্মাণ [illegible] অনুযায়ী পরিচালিত হবে।

৮.৫.৩ অপরিকল্পিত এলাকায় নির্মাণ নিয়ন্ত্রণ

স্ট্রাকচার প্ল্যান এলাকার আওতায় অধিকাংশ স্থান অপরিকল্পিত ও বিশৃঙ্খলভাবে গড়ে উঠেছে। পরিকল্পনার অভাবে এভাবে [illegible] হয়ে থাকে। কিন্তু এর কুফল সারা জীবন শহরবাসীকে ভোগ করতে হয়। এ জন্য প্রথম থেকেই সুষ্ঠু পরিকল্পনা মাফিক [illegible] হওয়া উচিত। যে সমস্ত এলাকা ইতিমধ্যে ঘনবসতিপূর্ণ এবং অপরিকল্পিত ও বিশৃঙ্খলভাবে গড়ে উঠেছে সেখানে প্রকৃত [illegible] বেশি কিছু করার নেই। বড় ধরণের উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করতে গেলে প্রচুর মানুষকে উচ্ছেদ করতে হবে। এটা একদিকে [illegible] ব্যয় সাপেক্ষ অন্যদিকে এর ফলে স্থানীয়ভাবে সামাজিক অসন্তোষ সৃষ্টি হতে পারে যা কোন গণতান্ত্রিক সরকারের কাম্য না [illegible] এর পরও ইতিমধ্যে গড়ে ওঠা এলাকায় কিছু উন্নয়নের সুযোগ আছে। তবে এটা করতে হবে জমি/বাড়ীর মালিকদে[illegible] সমঝোতার ভিত্তিতে। এটা হচ্ছে অংশগ্রহণ ভিত্তিক উন্নয়ন যেখানে সরকার এবং জমি/বাড়ীর মালিক উভয়ের অংশ গ্রহণ [illegible] এই অংশগ্রহণ সম্প্রসারিত করে প্রয়োজন অনুযায়ী যে কোন বেসরকারী প্রতিষ্ঠানকে উন্নয়ন অংশীদার করা যেতে পারে। [illegible] ধরণের কমিউনিটি ভিত্তিক উন্নয়ন যেখানে কোন এলাকার নির্দিষ্ট কমিউনিটি জড়িত থাকবে। তবে এ জন্য যথাযথ প্রাতিষ্ঠানি[illegible] আর্থিক সহায়তা প্রয়োজন হবে। এ ধরণের প্রকল্পে উপযুক্ত পদ্ধতি উদ্ভাবন করে সুবিধাভোগীদের কাছ থেকে প্রকল্প ব্যয় [illegible] করা যেতে পারে। নগর প্রান্ত এলাকায় তুলনামূলকভাবে ইমারতের সংখ্যা কম হয়ে থাকে। সরকারী সংস্থা সাধারণত [illegible] এলাকায় ভূমি অধিগ্রহণ করে স্থাপনা নির্মাণ করে থাকে। এ সমস্ত এলাকা সরকার রাস্তাসহ বসবাসযোগ্য বিভিন্ন ধরনের [illegible] নির্মাণ করে ব্যক্তি উদ্যোগে আবাসন নির্মাণের সুযোগ তৈরী করে দিতে পারে। এ ছাড়া সরকার সাইট এ্যান্ড সার্ভিস প্রকল্প [illegible] মধ্যবিত্ত বা নিম্ন আয়ের মানুষের আবাসন সমস্যা সমাধান করতে পারে। একই সঙ্গে উচ্চবিত্ত এবং নিম্নবিত্তদের জন্য [illegible] করে ক্রস সাবসিডির মাধ্যমে আবাসিক প্রকল্প বস্তবায়ন করা যেতে পারে। এতে নিম্নবিত্তদের আবাসিক প্রকল্প খাতে সরকা[illegible] ভর্তুকি দিতে হবে না। ল্যান্ড রিএ্যাডজাষ্টমেন্ট বা গাইডেড ল্যান্ড ডেভেলপমেন্ট জাতীয় অংশগ্রহণ ভিত্তিক আবাসন প্রকল্প [illegible] এলাকায় বাস্তবায়ন করা যেতে পারে। এভাবে সরকারী সংস্থা আবাসন খাতে সহায়কের ভূমিকা পালন করে আবাসন সমস্যা [illegible] অনেক বেশি অবদান রাখতে পারবে।

৮.৫.৩.১ প্রস্তাবিত প্রকল্প এলাকায় নির্মাণ অনুমোদন

মাস্টার প্ল্যানের অধীনে বিভিন্ন এলাকায় অনেক উন্নয়ন প্রকল্প প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত এলাকার প্রায় সকল ভূমি [illegible] মালিকানাধীন। প্রকল্প বাস্তবায়নের স্বার্থে প্রস্তাবিত স্থানে কোন ধরনের নির্মাণ অনুমোদন দেয়া যাবে না। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ[illegible] দ্রুত প্রকল্প বাস্তবায়নের পদক্ষেপ নিতে হবে। অন্যথায় অনির্দিষ্টকাল জমিতে নির্মাণকাজ করতে না পারলে জমির মালিকরা [illegible] হবেন।

বাণিজ্যিক এবং মিশ্র এলাকায় যানবাহন পার্কিং

...সালের নির্মাণ নিয়ন্ত্রণ বিধিতে পার্কিং সংরক্ষণ সম্পর্কে সুনির্দিষ্ট বিধি বিধান আছে। এতে বলা আছে আবাসিক বা বাণিজ্যিক ... জন্য কি পরিমাণ স্থান পার্কিং হিসাবে সংরক্ষণ করতে হবে। বাণিজ্যিক ভবনে প্রতি ২০০ ব: মি: স্থানের বিপরীতে ২৩ ব: ... পার্কিং এর জন্য সংরক্ষণ করতে বলা হয়েছে। কিন্তু উক্ত বিধিমালায় মিশ্র ব্যবহারের জন্য পার্কিংএর কোন বিধি বিধান ... পরামর্শকগণ সুপারিশ করেছে যে, বাণিজ্যিক এলাকার জন্য ১৯৯৬ সালের নির্মাণ নিয়ন্ত্রিত বিধিতে পার্কিং সংরক্ষণের যে ... হয়েছে তা মিশ্র ব্যবহারের ক্ষেত্রেও প্রয়োগ করা হোক।

নির্মাণ বিধিনিষেধ

এয়ারপোর্ট সংলগ্ন নির্মাণ বিধিনিষেধ এলাকা

... প্ল্যান এলাকার আওতায় এয়ার ফানেল বিষয়ক সিভিল এভিয়েশন কর্তৃপক্ষের উচ্চতা বিধিনিষেধ, এয়ারপোর্ট ফানেল সংলগ্ন এলাকায় নির্মিতব্য ইমারত ও স্থাপনার ক্ষেত্রে প্রয়োগ করা হবে (**চিত্র-৮.১**)। নির্মাণ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষকে এই বিধি প্রয়োগের ব্যাপারে ... হতে হবে। কারণ এর সঙ্গে বিমান চলাচলের নিরাপত্তার বিষয় জড়িত। নির্মাণ নিয়ন্ত্রণ সহজতর করার জন্য ১=৩৩০ ফুট ... মৌজা ম্যাপের উপর এই নিষেধাজ্ঞা এলাকা দেখানো হয়েছে। এই উচ্চতা নিষেধাজ্ঞা হবে নিম্নরূপ:

- RA-A- রানওয়ে এলাকা: রানওয়ের কেন্দ্র থেকে ১৫২ মিটার (৫০০ ফুট) পর্যন্ত কোন দিকে কোন ধরণের স্থাপনা নির্মাণ করা যাবে না।
- RA-B-এ্যাপ্রোচ এলাকা: রানওয়ের শেষ প্রান্ত থেকে ১৫২ মিটার (৫০০ ফুট) থেকে ৩,৯৬০ মিটার (১৩,০০০ ফুট) পর্যন্ত ১:৫০ উচ্চতা/দূরত্ব অনুপাতে স্থাপনা নির্মাণ করা যাবে কিন্তু সর্বোচ্চ উচ্চতা হবে ৫৫ মিটার বা ১৮২ ফুট।
- RA-C-ফানেল এলাকা: রানওয়ের শেষ প্রান্ত থেকে ৩,৯৬০ মিটার (১৩,০০০ ফুট) থেকে ১৫,২৪০ মিটার (৫০,০০০ ফুট) পর্যন্ত ১:৪০ উচ্চতা/দূরত্ব অনুপাতে স্থাপনা নির্মাণ করা যাবে কিন্তু সর্বোচ্চ উচ্চতা হবে ১৫২ মিটার বা ৫০০ ফুট।
- RA-D/E-ট্রানজিশনাল সারফেস ও অভ্যন্তরিণ উলম্ব সারফেস: রানওয়ের কেন্দ্র থেকে ১৫২ মিটার (৫০০ ফুট) থেকে ৩,৯৬০ মিটার (১৩,০০০ ফুট) পর্যন্ত ১:৭০ উচ্চতা/দূরত্ব অনুপাতে স্থাপনা নির্মাণ করা যাবে কিন্তু সর্বোচ্চ উচ্চতা হবে ৪৬ মিটার বা ১৫০ ফুট।
- RA-F-কনিকাল ইনার সারফেস: রানওয়ের কেন্দ্র থেকে ৩,৯৬০ মিটার (১৩,০০০ ফুট) থেকে ৬০৯৬ মিটার (২০,০০০ ফুট) পর্যন্ত ১:২০ উচ্চতা/দূরত্ব অনুপাতে স্থাপনা নির্মাণ করা যাবে কিন্তু সর্বোচ্চ উচ্চতা হবে ১৫২ মিটার বা ৫০০ ফুট।
- RA-G-আউটার হরাইজোন্টাল সারফেস: রানওয়ের কেন্দ্র থেকে ৬,০৯৬ মিটার (২০,০০০ ফুট) থেকে ১৫,২৪০ মিটার (৫০,০০০ ফুট) পর্যন্ত স্থাপনা নির্মাণ করা যাবে কিন্তু সর্বোচ্চ উচ্চতা হবে ১৫২ মিটার বা ৫০০ ফুট।

... শর্ত- ৪৬ মিটার (১৫০ ফুট) উচ্চতার যে সমস্ত স্থাপনা রানওয়ের ৩,৯৬০ মিটারের (১৩,০০০) মধ্যে আছে সেগুলির মাথায় ... লাল বাতি লাগাতে হবে। এক্ষেত্রে সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মান অনুযায়ী বাতি লাগাতে হবে। সিভিল এভিয়েশন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এয়ারপোর্ট ওভারলে জোনে সাত বা ততোধিক তলা বিশিষ্ট ইমারত নির্মাণের অনুমোদন প্রদান ... পারে।

নিম্নাঞ্চল, পুকুর এবং পানি নিষ্কাশন পথ

নিম্নাঞ্চল ভরাট করা যাবে না এবং পানি নিষ্কাশনে কোন বাধা সৃষ্টি করা যাবে না। যে কোন নিম্নাঞ্চল ভরাটের পূর্বে সিটি কর্পোরেশনের অনুমতি নিতে হবে। কর্পোরেশন আইন ও বিধি অনুযায়ী প্রয়োজনীয় অনুমতি প্রদান করবে। সকল পুকুর ভরাট করতে ... যাবে না। কারণ পুকুরগুলো পানির উৎস ছাড়াও খোলা জায়গা হিসাবে কাজ করে। সিলেট শহরে এখনো প্রচুর পুকুর আছে, পরামর্শকগণ ২৬০টি পুকুর সংরক্ষণের সুপারিশ করেছে। যে সমস্ত পুকুরের আয়তন ০.৫০ একর বা তার বেশি শুধু সেগুলি সংরক্ষণ ... কোনভাবেই এ সমস্ত পুকুর ভরাট করতে দেয়া যাবে না। সুবিধামত সময়ে সিটি কর্পোরেশন পুকুরগুলো অধিগ্রহণ করে ... পারে।

গ. প্রতিরক্ষা এলাকা-ক্যান্টনমেন্ট ও বিডিআর

ক্যান্টনমেন্ট তার নিজস্ব আইন দ্বারা পরিচালিত হয়। তবে ক্যান্টনমেন্ট, বিডিআর এবং পুলিশ প্রভৃতি প্রতিরক্ষা এবং [illegible] বিষয়ক সংস্থার নিরাপত্তার জন্য আশে পাশের ভূমি ব্যবহার নির্মাণ এবং অনুমোদন বিষয়ে সতর্ক থাকা প্রয়োজন।

ঘ. রেডিও, টেলিভিশন, পানি শোধনাগার, পাম্প স্টেশন ও পাওয়ার স্টেশন সাইটসমূহ

রেডিও, টেলিভিশন, পানি শোধনাগার, পাম্প স্টেশন ও পাওয়ার স্টেশন সাইটসহ অন্যান্য কি পয়েন্ট ইনস্টলেশনসমূহ [illegible] নজরদারীতে রাখতে হবে, যাতে আশে পাশে কোন ধরণের অবাঞ্ছিত নির্মাণকাজ এগুলোর নিরাপত্তা বিঘ্নিত করতে না [illegible] টুলটিকর ইউনিয়নের দেবপুরে অবস্থিত রেডিও ট্রান্সমিশন সেন্টার একটি গুরুত্বপূর্ণ কেপিআই যার নিরাপত্তা নিশ্চিত করতে [illegible] সমস্ত স্থাপনার ১৮৩ ফুটের মধ্যে গাছপালা ছাড়া সকল প্রকার নির্মাণ কাজের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

৮.৬ সিলেট সিটি কর্পোরেশনের দক্ষতা বৃদ্ধি করা

আলোচ্য পরিকল্পনা প্রণয়নের পর সিটি কর্পোরেশনের দায়িত্ব এবং কর্তব্য অনেক বৃদ্ধি পাবে। সিটি কর্পোরেশন এই [illegible] শুধুমাত্র তত্ত্বাবধায়কই হবে না তাকে প্রচুর প্রকল্প বাস্তবায়ন করতে হবে এবং অন্যান্য সংস্থা কর্তৃক বাস্তবায়িত প্রকল্প মনি[illegible] হবে। এ জন্য জনবল এবং সাংগাঠনিক দিক দিয়ে সিটি কর্পোরেশনকে যথেষ্ট শক্তিশালী করতে হবে। প্রকৌশল দপ্তরের [illegible] করতে হবে। হিসাব ও রাজস্ব শাখাকে কম্পিউটারাইজড এবং আধুনিকায়ন করতে হবে। সব শাখার জনবলকে প্রশিক্ষণে[illegible] দক্ষতা বৃদ্ধি করতে হবে। নগর পরিকল্পনা শাখা খুলতে হবে যার মাধ্যমে নগরায়ন পর্যালোচনা ও পর্যবেক্ষণ করতে হবে এবং [illegible] প্ল্যান আওতায় প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়ন মনিটরিং করতে হবে। শহরের নির্মাণ নিয়ন্ত্রণ এই শাখার মাধ্যমে সম্পন্ন [illegible] হবে। নির্মাণ নিয়ন্ত্রণ শাখার দক্ষতা বৃদ্ধির জন্য পদ্ধতিগত উন্নয়ন ঘটাতে হবে। নগর পরিকল্পনা শাখাকে সরাসরি মেয়রের [illegible] রাখতে হবে। এখানে প্রধান প্রকৌশলীর সমতুল্য একজন চীফ টাউন প্ল্যানার থাকবেন। মধ্যম পর্যায়ে দুজন ডেপুটি চীফ [illegible] প্ল্যানার এবং ন্যূনতম চারজন সহকারী টাউন প্ল্যানার রাখা যেতে পারে। নগর পরিকল্পনা শাখা শহরের সকল তথ্য [illegible] সংরক্ষণ করবে এবং উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের দায়িত্বে থাকবে। এ জন্য কম্পিউটার ভিত্তিক আধুনিক জিআইএস ম্যাপিং [illegible] সেন্সিং এবং জরিপ যন্ত্রপাতি সংগ্রহ করতে হবে। এতে সংস্থার দক্ষতা বৃদ্ধি পাবে এবং সেবার মানোন্নয়ন হবে।

৮.৭ নগর উন্নয়ন অধিদপ্তরের সহায়তা সার্ভিস

আলোচ্য পরিকল্পনা বাস্তবায়নে দীর্ঘ সময় প্রয়োজন হবে। এটা আশা করা ঠিক হবে না যে প্রস্তাবিত পরিকল্পনার সব সুপারিশ [illegible] বায়িত হবে। অনেক সুপারিশের পরিবর্তন ও সংশোধন হবে। এ সমস্ত পরিবর্তন ও সংশোধন সম্পন্ন করার জন্য এক্সপার্ট [illegible] প্রয়োজন হবে। সিটি কর্পোরেশনের পক্ষে এ কাজগুলো করার জন্য নগর উন্নয়ন অধিদপ্তরকে দায়িত্ব নিতে হবে। এ [illegible] নগর উন্নয়ন অধিদপ্তরের একটি শাখা অফিস সিলেটে স্থাপন করার সুপারিশ করা হচ্ছে। এই দুই সংস্থার মধ্যে সমঝোতার [illegible] উন্নয়ণকাজগুলো সম্পন্ন করা যেতে পারে।

৮.৮ আইনগত বিষয়াবলী

৮.৮.১ বেটারমেন্ট ফি আদায়ের জন্য বিধি জারি

জনসাধারণের সুবিধার্থে অবকাঠামো নির্মাণের দায়িত্ব সচরাচর সংশ্লিষ্ট সরকারী সংস্থা পালন করে থাকে। তবে লক্ষ্য করা [illegible] কিছু কিছু অবকাঠামো উন্নয়নের ক্ষেত্রে কিছু সংখ্যক মানুষ বেশি সুবিধা ভোগ করে থাকে, যেখানে জনসাধারণের অর্থে [illegible] নির্মিত হয়। বিশেষত রাস্তা নির্মাণের ক্ষেত্রে এই ঘটনা ঘটে থাকে। রাস্তা নির্মাণের পর পরই রাস্তার পাশের জমির মূল্য [illegible] এতে জমির মালিকরা হঠাৎ আর্থিকভাবে লাভবান হয়। এই লাভ তারা করে থাকেন জনগণের অর্থে নির্মিত রাস্তার কারণে। [illegible] এটা অযৌক্তিক হবে না যদি তাদের লাভ থেকে কিছু অংশ সরকারী কোষাগারে জমা হয়। বেটারমেন্ট ফি হিসাবে সিটি [illegible] এই ফি আদায় করতে পারে। এ জন্য প্রয়োজনীয় পদ্ধতি উদ্ভাবন করতে হবে এবং আইনগত ব্যবস্থা নিতে হবে। এই বেটারমেন্ট [illegible] ধার্য না করার ফলে অবকাঠামো উন্নয়নের আর্থিক সুবিধার প্রায় সবটুকু উপকারভোগী জমির মালিকদের কাছে যাচ্ছে [illegible] সামাজিক ন্যায় বিচারের পরিপন্থী। বেটারমেন্ট ফি ধার্য করার ফলে সিটি কর্পোরেশন আর্থিকভাবে লাভবান হবে এবং [illegible] শহরের উন্নয়নমূলক কাজে ব্যবহার করা যাবে। এ বিষয়ে একটি খসড়া বিধি **পরিশিষ্ট-৮.১** এ দেয়া হলো।

Airport Height Restriction Zone of the Structure Plan Area



[illegible].২ রিয়েল এস্টেট/আবাসন উন্নয়ন কোম্পানির জন্য পরিকল্পনা বিধি জারি

[illegible] বড় শহরগুলোতে আবাসিক জমির চাহিদা ক্রমশ বাড়ছে। ফলে ভালো ব্যবসার কারণে এই সমস্ত শহরে নতুন নতুন রিয়েল [illegible] কোম্পানী গড়ে উঠছে। এ সমস্ত কোম্পানী সস্তায় নিচু জমি কিনে ভরাট করে উচ্চ মুল্যে বিক্রি করে প্রভূত লাভ করছে। কিন্তু [illegible] কিছু কোম্পানী প্রস্তাবিত আবাসিক এলাকায় পর্যাপ্ত সার্ভিস সুবিধা দিচ্ছে না এবং কেউ কেউ ক্রেতাদের সঙ্গে নানা ধরণের [illegible] করছে। এ সমস্ত সমস্যা সমাধান করে জনগণের স্বার্থ রক্ষার জন্য পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। কিন্তু স্থানীয় সরকার [illegible] এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার কোন বিধান নেই। তবে যে কোন পদক্ষেপ গ্রহণের পূর্বে লক্ষ্য রাখতে হবে যাতে বেসরকারী [illegible] শিল্পের বিকাশ ক্ষতিগ্রস্ত না হয়। তবে এই শিল্পকে জনগণ এবং পরিবেশের ক্ষতি করে যথেচ্ছভাবে ব্যবসা পরিচালনা করতে [illegible] উচিত হবে না। প্রস্তাবিত আবাসিক এলাকার রাস্তা এবং অন্যান্য সুযোগ সুবিধা যথেষ্ট এবং মান সম্পন্ন হতে হবে। পর্যাপ্ত [illegible] সুযোগ সুবিধার ব্যবস্থা রাখতে হবে এবং পরিবেশ সমুন্নত রাখতে হবে কারণ এক সময় এই সমস্ত এলাকা শহরের অংশ [illegible]

[illegible] শহরে এ্যাপার্টমেন্ট ব্যবসা ইতিমধ্যে শুরু হয়েছে এবং ভবিষ্যতে তা আরো বৃদ্ধি পাবে। এ্যাপার্টমেন্ট নির্মাণের জন্য EBBC [illegible] 1952 এর অধীনে জাতীয় ইমারত নির্মাণ বিধি (১৯৯৬) আছে, যা ঢাকা ছাড়া অন্য সব শহরের জন্যও প্রযোজ্য। কিন্তু রিয়েল [illegible] কোম্পানী কর্তৃক প্লট তৈরী করে বিক্রি বিষয়ক জাতীয় কোন বিধিমালা নেই। শুধু ঢাকার রাজউক এলাকার জন্য একটি বিধি [illegible] সিলেটের জন্য এ জাতীয় বিধি প্রণয়ন করে তা প্রয়োগ করতে হবে। তবে প্রাথমিক অবস্থায় ঢাকার বিধি সিলেটের ক্ষেত্রে [illegible] যেতে পারে। *পরিশিষ্ট-৮.২ এ বেসরকারী আবাসন প্রকল্পের ভূমি উন্নয়ন বিধি ২০০৪ সংযুক্ত করা হলো।*

[illegible] রাস্তার জন্য ন্যূনতম প্রশস্ততা

